

Businesses want predictable tax policy

Corporate leaders, economists speak on how to boost private investment, at a roundtable organised by The Daily Star

STAR BUSINESS REPORT

Frequent changes in tax structure and other policies hamper business and future investment plans, analysts said yesterday.

"If the tax structure is like this, let it be like this for the next few years so that we can plan ahead," said Rupali Chowdhury, president of the Foreign Investors' Chambers of Commerce and Industry.

Businesses sit with the National Board of Revenue and other authorities every year but the tax measures never reflect any of the recommendations, she said.

"Every year we are talking about some kind of development in terms of tax regime. But what we see, after having discussions with the NBR and other authorities, is completely different."

Chowdhury's comments came at a roundtable organised by The Daily Star on ways to boost private investment.



MA Mannan, state minister for finance and planning, speaks at a roundtable on private investment, organised by The Daily Star yesterday.

Discussants said the lack of predictability in policies including fiscal measures is one of the problems in accelerating investment.

"Bureaucracy, the government

and businesspeople must work together. We must have some confidence in each other that everybody is not out there to evade tax," said Chowdhury, also the

managing director of Berger Paints Bangladesh.

Khondaker Golam Moazzem, additional director of research at the Centre for Policy Dialogue,

said predictability is very much needed for industries; otherwise it is very difficult for industries to go for long-term investment plans.

READ MORE ON B3

Businesses want predictable tax policy

FROM PAGE B1

Subsequently, he suggested framing the tax policy in such a way that entrepreneurs are able to forecast the tax regime for three to five years.

The government should also share its projections on how much tax it will get through a measure or how much it will lose for giving a certain incentive or tax benefit to industries, Moazzem said.

For this, the government can frame fiscal measures in two phases.

The tax authority would receive proposals from businesses in October, which it will review and discuss with the businessmen during the February-May period.

In that way, the entrepreneurs will know which proposals were accepted and can form an outline of the coming fiscal measures.

The entrepreneurs will be the least disheartened if they are consulted and informed ahead of the framing of fiscal measures, he said.

"Fiscal instruments should be innovative so that it can support production and investment. It should be framed in a way that it is predictable and transparent."

Abdus Salam Murshedy, president of the Exporters Association of Bangladesh, said entrepreneurs have to run factories through diesel-based generators in the absence of uninterrupted electricity supply. It increases the costs of business, he said.

"Now suddenly we have started receiving letters that VAT is applicable on the fuel we have bought."

Murshedy opposed the hike in source tax to 1.5 percent in the forthcoming fiscal year from 0.6 percent on exports, as apparel factories have to invest in improving workplace conditions and labour standards.

"I do not think the increase in tax is logical when remediation and relocation in factories are on," he said, while expressing his fear that the number of firms to be able to pay tax at the new rate would decline slowly.

Ahsan H Mansur, executive director of the Policy Research Institute of Bangladesh, said the tax policy needs to be predictable.

"At the same time, it cannot stay the same because our tax system is very distorted, very inefficient, in all respects. So, it has to be changed but the change has to be in a predictable manner."

He said the government has to make up its mind on where it wants to go.

It cannot maintain the NBR in the same way that it was run in 1947 and before, he said, while calling for reforms and modernisation of the tax administration and policies.

Mohammed Humayun Kabir, chief executive of Beximco Group's jute and ceramics divisions, lambasted the government for increasing tax at source for all export industries irrespective of their profits or losses.

Based on the sourcing of raw materials, he categorised industries into three types: industries that procure raw materials locally (jute), industries that get duty-free import benefits (garment) and industries that pay duty for import of raw materials (ceramics).

"All these industries have to pay the same tax. Is it equitable?"

He also opposed the shift to minimum tax for the next fiscal year instead of final settlement now.

Until now, there was a provision to claim tax rebate against tax at source during import, and companies could claim tax rebate during payment of final tax.

In the latest provision, the source tax will be considered to be the minimum tax.

"So far, source tax was treated as the final settlement. But it will turn into minimum tax for the latest change," he said, adding that the tax burden might rise if the minimum tax is imposed irrespective of profit or loss.

This tax measure will discourage diversification of the export basket, he said.

Industries that have to import raw materials by paying 5 percent advance income tax such as ceramics will face a higher tax burden for the hike in source tax rate.

"The tax structure has become anti-investment. How do you expect investment then?"

Kabir, also a chartered accountant, criticised the government for imposing surcharge on wealth tax, as it would discourage capital formation and private investment as well.

Sardar Md Amin, vice-president of the Real Estate and Housing Association of Bangladesh, said the government increases the tax collection target every year, although not all sectors register growth.

Except for plush areas in Dhaka and Chittagong city corporations, the rate of advance income tax for land and apartment registration in other areas of the two cities has been increased to Tk 1,000 per square metre from existing Tk 600.

MA Mannan, state minister for finance and planning, also spoke at the discussion.



Fellow at the Centre for Policy Dialogue Dr Debapriya Bhattacharya and Executive Director of Ain O Salish Kendra Sultana Kamal attended a media briefing of Citizen's Platform for SDG, Bangladesh, at CIRDAP Auditorium in the city on Saturday.

PHOTO: OBSERVER

Citizen platform launched to assist govt in SDGs implementation

STAFF CORRESPONDENT

A platform namely the 'Citizens Platform in Implementation of SDGs, Bangladesh' was launched in the city on Saturday to support the government's efforts in pursuing the Sustainable Development Goals (SDGs).

The platform was formally launched at a function at CIRDAP auditorium to facilitate better coordination between the civil society and the government to achieve the broad-based goals the new development targets set by the United Nations (UN) to end poverty, fight inequality and injustice, and tackle climate change by 2030.

Distinguished fellow of private think tank Centre for Policy Dialogue (CPD) Dr Debapriya Bhattacharya, former advisers to caretaker government Sultana Kamal, Rasheda K Chowdhury, and TIB Executive Director Iftekharuzzaman are among the members of the new citizen platform.

Page 15 Col 2

Citizen platform launched to assist govt

From Page 16

While talking to the media at the launching, Dr Debapriya said the SDGs have five different characteristics, including their inclusiveness nature. "Important issues like education and health should be addressed holistically and implemented contextually," he said.

"For this, awareness among professionals must be increased so that not a single citizen of Bangladesh lags behind," Dr Debapriya added.

Given the huge activities regarding transformative and inclusive SDGs implementation by 2030, it would be immensely important to engage the private sector, civil society, NGOs alongside the

government, members of the citizen platform said.

The main objective of the platform would be to play a proactive role in different stages of SDGs implementation to ensure accountability from the government, they added.

Besides, it would observe the pace of SDGs implementation, aware the policy makers about possible implementation challenges to ensure better use of funds, and to ensure transparency and accountability in the implementation process.

The platform would also help establish an overall coordination among SDGs implementing entities with exchanging necessary information, and work for evenly dis-

tribute benefits of SDGs implementation in the country among the poor and the marginal people.

The platform will help identify the development priorities with opinions based on analysis, specify quantitative and qualitative indicators for SDGs, bring coordination between the UN long-term development plan and different development plans of the government and provide policy suggestions.

"Good governance is the key tool for any government. No countries can see real development without good governance. Development can't be determined by only growth," Sultana Kamal, remarked, while addressing the launching programme.

Eminent citizens stress good governance for SDGs

State taking law in hand: Sultana Kamal

Staff Correspondent

GOOD governance a must for implementing the Sustainable Development Goals for creating a participatory and inclusive society with the global motto of leaving no one behind, prominent citizens said on Saturday.

They said this at a press briefing on formation of Citizen's Platform for SDGs, Bangladesh in Dhaka.

'The state has been taking law in its own hand ignoring everything,' Transparency International Bangladesh chairperson Sultana Kamal said at the programme.

She said human rights 'are often violated when there is lack of good governance', which was essential for implementation of the SDGs.

'Some people want to know from us why we talk after each killing in cross-fire,' she said, adding that these people say the persons, who were killed in crossfire, did not have any



Citizen's Platform for SDGs, Bangladesh holds a media briefing at CIRDAP auditorium in the capital on Saturday.

— New Age photo

human right as they violated the same rights of other people.

When people begin to think in that way in desperation to survive, Sultana said, it remains no longer a modern, progressive and democratic state.

This situation only creates an atmosphere conducive to corruption and

violation of rule of law, she elaborated.

Development of a state cannot be measured by only counting growth matrix keeping aside good governance and human rights, she added.

The UN-backed SDGs contained 17 goals with 169 targets covering a broad range of sustainable devel-

opment issues.

Shaheen Anam, executive director of Manusher Jonno Foundation, an NGO, said good governance 'is the biggest challenge in the country now'. Many things have been happening, but hardly any strong voice was there to raise question about these incidents, she said.

Debapriya Bhattacharya,

convener of the Citizen's Platform for SDGs, Bangladesh, stressed the need for comprehensive and collective efforts to implement the SDGs to form an inclusive society with the global idea of 'leaving no one behind'.

Businessperson Asif Ibrahim said private sector 'wants to play' an important role in greening industries and effective employment by creating graceful jobs.

TIB executive director Iftekharuzzaman said the government would play supportive role in implementing the SDGs as well ensuring accountability in the implementation process.

He hoped the government would take the role of the citizen's platform with a positive attitude.

Mustafizur Rahman of Centre for Policy Dialogue, Mushtaque Raza Chowdhury of BRAC and Rasheda K Chowdhury of Campaign for Popular Education, among others, spoke at the briefing.

TIB wants crossfire to end

Absence of good governance now biggest crisis

Staff Reporter

Chairperson of Transparency International Bangladesh (TIB) Sultana Kamal on Saturday said that "good governance is impossible if the government continues cross fire."

"The human rights are violated in every step in absence of good governance," she said.

Sultana Kamal said this while speaking at the launching of a Citizen's Platform for Sustainable Development Goals, Bangladesh organized by Centre for Policy Dialogue (CPD) at CIRDAP auditorium.

Executive Director of TIB Dr Iftekharuzzaman, Executive Director of Campaign for Popular Education Rasheda K Choudhury, CPD Executive Director Professor Mustfizur Rahman and Convener of the platform Dr Debapriya Bhattacharya spoke at the function, among others.

Achievement of the Sustainable Development Goals (SDGs) would be difficult for Bangladesh without good governance, Sultana Kamal said.

"Mere economic growth is not the lone criteria of development in modern democracy, Justice and security must prevail simultaneously, she added. Contd on page-2 Col-1

Absence of good

Cont from page 1

It will be hard to achieve the SDGs with the ongoing pattern of economic deprivation and human rights violations, said Executive Director of Manusher Jonno Foundation Shaheen Anam.

Becoming a middle-income country, leaving 17 percent of the population under the poverty line, will not be socially and morally correct, she said.

Absence of good governance being the biggest crisis in the present Bangladesh, the incidents of human rights violations have been recurrent, said Shaheen Anam.



Noted economist Debapriya Bhattachariya speaking at a press conference for the implementation of Sustainable Development Goal (SDG) in the CIRDAP Auditorium in the city on Saturday. ■ NN photo



টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বাস্তবায়নে স্বচ্ছতা নিশ্চিত করে রাখতে গতকাল রাজধানীর সিরডাপ মিলনায়তনে নাগরিক প্র্যাটফর্মের ঘোষণা অনুষ্ঠানে বক্তব্য রাখেন কোর ফ্রন্টের সদস্য সুলতানা কামাল

-আজকালের খবর

এসডিজি বাস্তবায়নে নাগরিক প্র্যাটফর্মের যাত্রা

● আজকালের খবর প্রতিবেদক

জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে বেসরকারি একটি প্র্যাটফর্ম যাত্রা শুরু করেছে। এর নাম দেয়া হয়েছে 'এসডিজি বাস্তবায়নে নাগরিক প্র্যাটফর্ম, বাংলাদেশ'। গতকাল শনিবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে সংগঠনটির আনুষ্ঠানিক যাত্রা উপলক্ষে একটি সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মানিত ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা রাশেদা কে চৌধুরী, সুলতানা কামাল, টিআইবির প্রধান নির্বাহী কর্মকর্তা ইফতেখারুজ্জামান, ব্র্যাকের কর্মকর্তা মুস্তাক রাজা চৌধুরী প্রমুখ। সংবাদ সম্মেলনে দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, এসডিজির গ্টো বৈশিষ্ট্য আছে। এবার এসডিজির অর্জন হচ্ছে অন্তর্ভুক্তিমূলক। এসডিজিকে সমন্বিতভাবে দেখতে হবে যেমন শিক্ষা, স্বাস্থ্য ও দেশীয় প্রেক্ষাপট বাস্তবায়ন। পেশাজীবীদের সচেতনতা বাড়াতে হবে। বাংলাদেশের একটি মানুষকেও পৃষ্ঠা ২ কলাম ৩

এসডিজি বাস্তবায়নে

প্রথম পৃষ্ঠার পর

পেছনে ফেলা যাবে না। সুলতানা কামাল বলেন, একটা রাষ্ট্রের জন্য সুশাসন খুব গুরুত্বপূর্ণ। যদি সুশাসন না থাকে রাষ্ট্রের প্রকৃত উন্নয়ন সম্ভব নয়। একটি দেশের উন্নয়ন শুধু প্রবৃদ্ধি দিয়ে বিচার করা যায় না। ব্রিফিংয়ে আরো জানানো হয়, এজেন্ডা ২০৩০ বাস্তবায়নের ব্যাপকতার দিকটি বিবেচনা করলে এটি নিশ্চিতভাবেই বলা যায়, এ প্রক্রিয়ায় সরকারের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠান, সংস্থা এবং নাগরিক সমাজের যথাযথ অংশগ্রহণ অত্যন্ত জরুরি। রূপান্তরমুখী এবং অন্তর্ভুক্তিমূলক এ লক্ষ্যগুলোর সঠিক বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশের নাগরিক সমাজের সম্মানিত ব্যক্তিবর্গের উদ্যোগে একটি প্র্যাটফর্ম গঠনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। 'এসডিজি বাস্তবায়নে নাগরিক প্র্যাটফর্ম, বাংলাদেশ' শীর্ষক এ প্র্যাটফর্মের মূল লক্ষ্য হবে এসডিজি বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে সরকারের পাশাপাশি সক্রিয় ভূমিকা রাখা এবং এ প্রক্রিয়ার জবাবদিহিতা নিশ্চিত করা।

এছাড়া বাংলাদেশ এসডিজি বাস্তবায়নের অগ্রগতি ও মাত্রা পর্যবেক্ষণ করা। বাস্তবায়নের ক্ষেত্রে সম্ভাব্য চ্যালেঞ্জগুলোর বিষয়ে নীতিনির্ধারকদের সচেতন করা যাতে করে এ লক্ষ্যে বিনিয়োগ করা অর্থের সঠিক ব্যবহার সম্ভব হয়, বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা নিশ্চিত করা এবং এসডিজি বাস্তবায়নকারী সব প্রতিষ্ঠান ও স্বার্থসংশ্লিষ্ট পক্ষের মধ্যে তথ্য বিনিময়সহ সার্বিক সমন্বয় সাধনে সহায়তা করা। এসডিজি অর্জনের সুফল দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর কাছে যাতে পৌঁছে তা নিশ্চিত করতেও এ প্র্যাটফর্ম সক্রিয় হবে। এসডিজিতে নিহিত লক্ষ্যমাত্রা অর্জনগুলোর অগ্রগত্যা নির্ধারণে বিশেষণধর্মী মতামত প্রস্তুত করা, এ লক্ষ্যমাত্রাগুলোর জন্য যথাযথ গুণগত ও পরিমাণগত সূচক নির্দিষ্ট করা, এসডিজির লক্ষ্য ও অর্জনের সঙ্গে দেশের জাতীয় উন্নয়ন পরিকল্পনাসমূহের সমন্বয় করা এবং এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে সরকার গৃহীত বিভিন্ন নতুন নীতি, কর্মসূচি বা সংস্কার কার্যক্রমের যথার্থতা ও কার্যকারিতা বিশ্লেষণ এবং সমগ্র প্রক্রিয়াটির পরিবীক্ষণ ও জবাবদিহিতা নিশ্চিত করা।

রাষ্ট্র আইন হাতে তুলে নিচ্ছে

—সুলতানা কামাল

● নিজস্ব প্রতিবেদক

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল
বাংলাদেশের (টিআইবি)
চেয়ারপারসন সুলতানা কামাল
বলেছেন, রাষ্ট্র কোনোকিছুর তোয়াক্কা
না করে আইন নিজের হাতে তুলে
নিচ্ছে। তিনি বলেন, সুশাসনের
অভাব থাকলে পদে পদে
মানবাধিকারের লঙ্ঘন ঘটতে থাকে।
শনিবার রাজধানীর সিরডাপ
মিলনায়তনে সংবাদ সম্মেলনে তিনি
এসব কথা বলেন। 'টেকসই উন্নয়ন
লক্ষ্য (এসডিজি) বাস্তবায়নে
নাগরিক প্রাটফর্ম, বাংলাদেশ' নামের
একটি উদ্যোগের আত্মপ্রকাশ
উপলক্ষে এ সংবাদ সম্মেলনের
আয়োজন করা হয়।

সুলতানা কামাল বলেন, মানুষ
আমাদের বলছে, ক্রসফায়ার হওয়ার
পর আপনারা কথা বলছেন কেন?
যাদের ক্রসফায়ারে দেয়া হচ্ছে,
তারা অন্যের মানবাধিকার লঙ্ঘন
করেছে। অতএব তাদের
মানবাধিকার নেই। এ যে একটা
বোধ সমাজে চলে আসে,
যেতেনভাবে নিজের অস্তিত্ব রক্ষা
করতে হবে— এটা কোনো আধুনিক,
গণতান্ত্রিক, সুশাসনসম্পন্ন রাষ্ট্রের
লক্ষ্য নয়। সুশাসনের অভাবের
একপর্যায়ে সমাজে হতাশা তৈরি
হয়— উল্লেখ করে সুলতানা কামাল
বলেন, হতাশা থেকে আমরা দেখতে
পাচ্ছি, রাষ্ট্র নিজের হাতে আইন
তুলে নিচ্ছে; কোনোকিছুর তোয়াক্কা
করছে না। কোনো সমস্যা সমাধান
করতে গেলে ছোটখাটো পথ
খুঁজছে। অন্যদিকে মানুষ মানুষকে
পিটিয়ে মেরে ফেলছে; ফতোরার
এরপর পৃষ্ঠা ১১ কলাম ৪

রাষ্ট্র আইন হাতে

● শেষ পৃষ্ঠার পর

মাধ্যমে অমানবিক কর্মক্রমকে সমর্থন দিচ্ছে।

টেকসই উন্নয়ন দেখতে নাগরিক প্রাটফর্মের আত্মপ্রকাশ : টেকসই উন্নয়ন
লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা
নিশ্চিতের প্রতিশ্রুতি নিয়ে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করল একটি নাগরিক
প্রাটফর্ম। এর নাম হলো 'টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) বাস্তবায়নে নাগরিক
প্রাটফর্ম, বাংলাদেশ'। এ প্রাটফর্মের আন্বেয়ক ও সমন্বয়কের পদে রয়েছেন
সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) দুই কর্মকর্তা দেবপ্রিয় ভট্টাচার্য ও
আনিসাতুল ইউসুফ। সিরডাপ মিলনায়তনে এ সংবাদ সম্মেলনে নতুন প্রাটফর্ম
গঠনের ঘোষণা দিয়ে দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, ২০১৫ সালে জাতিসংঘ ঘোষিত
এসডিজি বাস্তবায়নের মধ্য দিয়ে দেশে সুশাসন, মানবাধিকার ও আইনের
শাসন প্রতিষ্ঠা করতে সরকারকে সহযোগিতা করবে এ প্রাটফর্ম। এর লক্ষ্য
হলো এসডিজি বাস্তবায়নের অগ্রগতি ও মাত্রা পর্যবেক্ষণ; চ্যালেঞ্জগুলোর বিষয়ে
নীতিনির্ধারণকদের সচেতন করা, যাতে বিনিয়োগ করা অর্থের সঠিক ব্যবহার সম্ভব
হয়। এছাড়া বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা নিশ্চিত
করা; বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট পক্ষের মধ্যে তথ্য বিনিময়সহ সার্বিক
সমন্বয় করতে সহযোগিতা করবে এ প্রাটফর্ম। এসডিজি বাস্তবায়ন প্রক্রিয়ায়
দেশের একজন মানুষও যাতে পিছিয়ে না পড়ে, তা মনিটরিং করার উদ্দেশ্যে এ
প্রাটফর্ম গঠন করা হচ্ছে। সংবাদ সম্মেলনে জানানো হয়, নাগরিক সমাজ থেকে
আট ব্যক্তিকে নিয়ে এ প্রাটফর্মের 'কোর গ্রুপ' করা হয়েছে। ১৩ জনকে নিয়ে
করা হয়েছে উপদেষ্টা পরিষদ। 'কোর গ্রুপে' থাকছেন তত্ত্বাবধায়ক সরকারের
সাবেক দুই উপদেষ্টা সুলতানা কামাল ও রাশেদা কে চৌধুরী, মানুষের জন্য
ফাউন্ডেশনের চেয়ারম্যান শাহীন আনাম, টিআইবির নির্বাহী পরিচালক
ইফতেখারুজ্জামান, মেট্রোপলিটন চেয়ারের সাবেক সভাপতি সৈয়দ নাসিম
মঞ্জুর, ঢাকা চেম্বারের সাবেক সভাপতি আসিফ ইব্রাহিম, মোস্তাক রাজা চৌধুরী
এবং সিপিডির নির্বাহী পরিচালক মোস্তাফিজুর রহমান। উপদেষ্টা পরিষদে
থাকছেন অধ্যাপক রেহমান সোবহান, অধ্যাপক আনিসুজ্জামান, ফজলে হাসান
আবেদ, জামিলুর রেজা চৌধুরী, সৈয়দ মঞ্জুর এলাহী, ড. হামিদা হোসেন, ড.
ওয়াহিদউদ্দিন মাহমুদ, মুস্তফা মনোয়ার, রোকেয়া আফজাল রহমান, রাজা
দেবাশীষ রায়, শ্রীমতী সাহা, অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ ও শাইখ সিরাজ।
এছাড়া ২৬টি বেসরকারি সংস্থা এ প্রাটফর্মে সহযোগী হিসেবে কাজ করবে, যার
সচিবালয় হবে সিপিডি। এর মধ্যে রয়েছে অ্যাকশন এইড বাংলাদেশ,
বাংলাদেশ আদিবাসী ফোরাম, ঢাকা আত্মহানি মিশন, আইন ও সালিশ কেন্দ্র,
বাংলাদেশ এনভায়রনমেন্টাল ল'ইয়ার অ্যাসোসিয়েশন (বেলা), বাংলাদেশ
মহিলা পরিষদ, কেয়ার বাংলাদেশ, নিজেরা করি, অল্পফাম বাংলাদেশ।
সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে বক্তৃতা করেন শাহীন আনাম, আসিফ ইব্রাহিম,
ইফতেখারুজ্জামান, রাশেদা কে চৌধুরী ও মোস্তাফিজুর রহমান।

এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্মের যাত্রা

হাসান আরিফ : জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে বেসরকারি একটি প্ল্যাটফর্ম যাত্রা শুরু করেছে। এটির নাম দেওয়া হয়েছে 'এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ'। রাজধানীর সিরডাপ মিলনায়তনে গতকাল এটির আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। এ উপলক্ষে আয়োজিত ব্রিফিংয়ে বক্তব্য দেন বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মানিত ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা রাশেদা কে চৌধুরী, সুলতানা কামাল, টিআইবির প্রধান নির্বাহী কর্মকর্তা ইফতেখারুজ্জামান, ব্র্যাকের কর্মকর্তা মুস্তাক রাজা চৌধুরী প্রমুখ।

দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, 'এসডিজির ৫টা বৈশিষ্ট্য আছে। এবার এসডিজির অর্জন হচ্ছে অন্তর্ভুক্তিমূলক। এসডিজিকে সমন্বিতভাবে দেখতে হবে যেমন শিক্ষা, স্বাস্থ্য ও দেশীয় প্রেক্ষাপট বাস্তবায়ন। পেশাজীবীদের সচেতনতা বাড়াতে হবে। বাংলাদেশের একটি মানুষকেও পেছনে ফেলা যাবে না।' সুলতানা কামাল

বলেন, 'একটা রাষ্ট্রের জন্য সুশাসন খুব গুরুত্বপূর্ণ। যদি সুশাসন না থাকে রাষ্ট্রের প্রকৃত উন্নয়ন সম্ভব না। একটি দেশের উন্নয়ন শুধু প্রবৃদ্ধি দিয়ে বিচার করা যায় না।' ব্রিফিংয়ে আরও জানানো হয়, এজেন্ডা ২০৩০ বাস্তবায়নের ব্যাপকতার দিকটি বিবেচনা করলে এটি নিশ্চিতভাবেই বলা যায়, এ প্রক্রিয়ায় সরকারের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠান, সংস্থা এবং নাগরিক সমাজের যথাযথ অংশগ্রহণ অত্যন্ত জরুরি। রূপান্ড রমুখী এবং অন্তর্ভুক্তিমূলক এ লক্ষ্যগুলোর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশের নাগরিক সমাজের সম্মানিত ব্যক্তিবর্গের উদ্যোগে একটি প্ল্যাটফর্ম গঠনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। 'এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ' শীর্ষক এ প্ল্যাটফর্মের মূল লক্ষ্য হবে এসডিজি বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে সরকারের পাশাপাশি সক্রিয় ভূমিকা রাখা এবং এ প্রক্রিয়ার জবাবদিহিতা নিশ্চিত করা।

এ ছাড়া বাংলাদেশে এসডিজি বাস্তবায়নের অগ্রগতি ও মাত্রা পর্যবেক্ষণ করা। বাস্তবায়নের ক্ষেত্রে সম্ভাব্য

চ্যালেঞ্জগুলোর বিষয়ে নীতিনির্ধারকদের সচেতন করা যাতে করে এ লক্ষ্যে বিনিয়োগ করা অর্থের সুষ্ঠু ব্যবহার সম্ভব হয়, বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা নিশ্চিত করা এবং এসডিজি বাস্তবায়নকারী সকল প্রতিষ্ঠান ও স্বার্থসংশ্লিষ্ট পক্ষের মধ্যে তথ্য বিনিময় সহ-সার্বিক সমন্বয় সাধনে সহায়তা করা। এসডিজি অর্জনের সুফল দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর কাছে যাতে পৌঁছে তা নিশ্চিত করতেও এ প্ল্যাটফর্ম সক্রিয় হবে। এসডিজিতে নিহিত লক্ষ্যমাত্রা অভিষ্টগুলোর অগ্রগণ্যতা নির্ধারণে বিশ্লেষণধর্মী মতামত প্রস্তুত করা, এ লক্ষ্যমাত্রাগুলোর জন্য যথাযথ গুণগত ও পরিমাণগত সূচক নির্দিষ্ট করা, এসডিজির লক্ষ্য ও অভিষ্টের সঙ্গে দেশের জাতীয় উন্নয়ন পরিকল্পনাসমূহের সমন্বয় করা এবং এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে সরকার গৃহীত বিভিন্ন নতুন নীতি, কর্মসূচি বা সংস্কার কার্যক্রমের যথার্থতা ও কার্যকারিতা বিশ্লেষণ এবং সমগ্র প্রক্রিয়াটির পরিবীক্ষণ ও জবাবদিহিতা নিশ্চিত করা।

রাষ্ট্র নিজ হাতে আইন তুলে নিচ্ছে

—সুলতানা কামাল

নিজস্ব প্রতিবেদক

রাষ্ট্র কোনো কিছুর তোয়াক্কা না করে নিজ হাতে আইন তুলে নিচ্ছে বলে মন্তব্য করেছেন ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) সভাপতি সুলতানা কামাল। তিনি বলেন, বর্তমান পরিস্থিতি উদ্বেগজনক। সুশাসনের অভাব থাকলে পদে পদে মানবাধিকার লঙ্ঘিত হতে থাকে। গতকাল টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে 'নাগরিক প্লাটফর্ম, বাংলাদেশ' শীর্ষক একটি সংগঠনের আত্মপ্রকাশ উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। রাজধানীর সিরডাপ মিলনায়তনে আয়োজিত এরপর পৃষ্ঠা ৯ কলাম ৪

রাষ্ট্র নিজ হাতে আইন তুলে নিচ্ছে

(৩ এর পৃষ্ঠার পর) এ অনুষ্ঠানে সদ্য ঘোষিত প্লাটফর্মের সদস্য তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা অ্যাডভোকেট সুলতানা কামাল ও রাষ্ট্রাধিকার কেন্দ্রীয়, সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মানিত ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য ও নির্বাহী পরিচালক মুস্তাফিজুর রহমান, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান, ব্যাকের সহসভাপতি ড. মুস্তাক রাজা চৌধুরী, মানুষের জন্য ফাউন্ডেশনের চেয়ারম্যান শাহীন আনাম ও ঢাকা চেম্বারের সাবেক সভাপতি আসিম ইব্রাহিম উপস্থিত ছিলেন।

সুলতানা কামাল বলেন, মানুষ আমাদের বলছে, ক্রসফায়ার হওয়ার পর আপনারা কথা বলছেন কেন? যাদের ক্রসফায়ারে দেওয়া হচ্ছে, তারা অন্যের মানবাধিকার লঙ্ঘন করেছে। অতএব তাদের মানবাধিকার নেই। এই যে একটা বোধ সমাজে চলে আসে, যেনতেনভাবে নিজের অস্তিত্ব রক্ষা করতে হবে— এটা কোনো আধুনিক, গণতান্ত্রিক, সুশাসনসম্পন্ন রাষ্ট্রের লক্ষ্য নয়।

সুশাসনের অভাবের এক পর্যায়ে সমাজ হতাশা তৈরি হয় উল্লেখ করে সুলতানা কামাল আরও বলেন, কোনো সমস্যা সমাধান করতে ছোটখাটো পথ খুঁজছে। অন্যদিকে মানুষ মানুষকে পিটিয়ে মেরে ফেলছে, ফতোয়ার মাধ্যমে অমানবিক কার্যক্রমকে সমর্থন দিচ্ছে। বাংলাদেশের সবচেয়ে উদ্বিগ্ন হওয়ার বিষয় হচ্ছে সুশাসনের অভাব। উচ্চ প্রবৃদ্ধি দিয়ে উন্নয়ন বিচার করা ঠিক নয়। এর সঙ্গে ন্যায়বিচার, মানুষের অধিকার কতটুকু বাস্তবায়িত হচ্ছে সেটা দেখতে হবে।

শাহীন আনাম বলেন, বাংলাদেশের বড় সংকট সুশাসনের অভাব। মানবাধিকারের লঙ্ঘন হচ্ছে। অনেক ঘটনা ঘটছে কিন্তু তার বিরুদ্ধে বলিষ্ঠ প্রতিবাদ আসছে না। এই পরিস্থিতিতে এসডিজি বাস্তবায়ন সম্ভব হবে না।

এসডিজি বাস্তবায়নে নাগরিক প্লাটফর্ম, বাংলাদেশ দেশের বিশিষ্ট নাগরিক ও বেসরকারি সংস্থার উদ্যোগে গঠিত একটি মঞ্চ। এটি জাতিসংঘ ঘোষিত এসডিজি বাস্তবায়নে কাজ করবে। এর আস্থায়ক সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) বিশেষ ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য। প্লাটফর্মের সমন্বয়ক সিপিডির আনিসাতুল ফাতেমা ইউসুফ। নাগরিক সমাজ থেকে ৮ ব্যক্তিকে নিয়ে এই প্লাটফর্মের 'কোর গ্রুপ' করা হয়েছে। ১৩ জনকে নিয়ে করা হয়েছে উপদেষ্টা পরিষদ। এ ছাড়া ২৬টি বেসরকারি সংস্থা এ প্লাটফর্মে সহযোগী হিসেবে কাজ করবে, যার সচিবালয় হবে সিপিডি।

উপদেষ্টা পরিষদে রয়েছেন অধ্যাপক রেহমান সোবহান, অধ্যাপক আনিসুজ্জামান, ফজলে হাসান আবেদ, জামিলুর রেজা চৌধুরী, সৈয়দ মঞ্জুর এলাহী, ড. হামিদা হোসেন, ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ, মুস্তাফা মনোয়ার, রোকেয়া আফজাল রহমান, রাজা দেবাশীষ রায়, শ্রীমতী সাহা, অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ ও শাইখ সিরাজ।

প্লাটফর্ম গঠন সম্পর্কে ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, এসডিজি বাস্তবায়নে ভূমিকা রাখার নাগরিক সূচনা হচ্ছে এই সংগঠন। এতে সমাজের বিশিষ্টজনেরা এবং এনজিও প্রতিনিধিরা অংশ নিয়েছেন। এজেন্ডা ২০৩০-এর রূপান্তরমুখী এবং অন্তর্ভুক্তিমূলক লক্ষ্যগুলোর সূষ্ঠ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য বাংলাদেশের নাগরিক সমাজের ব্যক্তিবর্গের উদ্যোগে একটি প্লাটফর্ম গঠনের উদ্যোগ হিসেবে এটি করা হয়েছে। এর লক্ষ্য হচ্ছে এসডিজি বাস্তবায়নের অগ্রগতি ও মাত্রা পর্যবেক্ষণ চ্যালেঞ্জগুলোর বিষয়ে নীতিনির্ধারকদের সচেতন করা, যাতে বিনিয়োগ করা অর্থের সূষ্ঠ ব্যবহার সম্ভব হয়। এ ছাড়া বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা নিশ্চিত করা, বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট পক্ষের মধ্যে তথ্য বিনিময়সহ সার্বিক সমন্বয় করতে সহযোগিতা করবে এই প্লাটফর্ম।



অ্যাডভোকেট সুলতানা কামাল নিজের হাতে আইন তুলে নিচ্ছে রাষ্ট্র

নিজস্ব প্রতিবেদক

মানবাধিকার নেত্রী সুলতানা কামাল বলেছেন, রাষ্ট্র আইন নিজের হাতে তুলে নিচ্ছে। কোনো কিছুই তেয়াক্বা করছে না। কোনো সমস্যা সমাধান করতে গেলে ছোটখাটো পথ খুঁজছে। অন্যদিকে মানুষ মানুষকে পিটিয়ে মেরে ফেলছে, ফতোয়ার এরপর পৃষ্ঠা ২ কলাম ৭

নিজের হাতে

[প্রথম পৃষ্ঠার পর] মাধ্যমে অমানবিক কার্যক্রমকে সমর্থন দিচ্ছে। গতকাল রাজধানীর সিরডাপ মিলনায়তনে 'টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ' নামের একটি উদ্যোগের আয়োজন অনুষ্ঠানে সুলতানা কামাল এসব কথা বলেন। সুলতানা কামাল বলেন, সুশাসনের অভাব থাকলে পদে পদে মানবাধিকারের লঙ্ঘন ঘটেতে থাকে। একপর্যায়ে সমাজে হতাশা তৈরি হয়। মানুষ আমাদের বলছে, ক্রসফায়ার হওয়ার পরে আপনারা কথা বলছেন কেন? যাদের ক্রসফায়ারে দেওয়া হচ্ছে, তারা অন্যের মানবাধিকার লঙ্ঘন করেছে। অতঃপর তাদের মানবাধিকার নেই। এই যে একটা বোধ সমাজে চলে আসে, যেনতেনভাবে নিজের অস্তিত্ব রক্ষা করতে হবে— এটা কোনো আধুনিক, গণতান্ত্রিক, সুশাসনসম্পন্ন রাষ্ট্রের লক্ষণ নয়। টেকসই উন্নয়ন অর্জন এজেন্ডা (এসডিজি) ২০৩০ বাস্তবায়নে বিভিন্ন পর্যায়ে সরকারের পাশাপাশি সক্রিয় ভূমিকা রাখতে এবং এই প্রক্রিয়ার জবাবদিহিতা নিশ্চিত করতে দেশের নাগরিক সমাজের তত্ত্বাবধানে 'এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ' নামে নতুন এক সংগঠনের আয়োজন ঘটেছে। এ সংগঠনের আহ্বায়ক হলেন সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) ফেলো ও বিশিষ্ট অর্থনীতিবিদ দেবপ্রিয় ভট্টাচার্য। সমন্বয়কের দায়িত্বে আছেন আনিসাতুল ফাতেমা ইউসুফ। নতুন এই প্ল্যাটফর্ম আয়োজনের ঘোষণা দিয়ে দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, এসডিজি ২০৩০-এ অন্তর্ভুক্ত রয়েছে ১৭টি লক্ষ্য এবং ১৬৯টি অর্জন, যা সম্মিলিতভাবে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা হিসেবে পরিচিতি লাভ করেছে। আর এ লক্ষ্যমাত্রা বাস্তবায়নের ব্যাপকতার দিকটি বিবেচনা করলে এটি নিশ্চিতভাবেই বলা যায়, এ প্রক্রিয়ায় সরকারের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠান, সংস্থা এবং নাগরিক সমাজের যথাযথ অংশগ্রহণ অত্যন্ত জরুরি। সেই বিবেচনায় ওই এজেন্ডা বাস্তবায়নে সরকারকে সহযোগিতা করতেই নতুন প্ল্যাটফর্ম গঠন করা হয়েছে। এ প্ল্যাটফর্ম বাংলাদেশের এসডিজি বাস্তবায়নের অগ্রগতি ও মাত্রা পর্যবেক্ষণ এবং বাস্তবায়নের ক্ষেত্রে সভাব্য চ্যালেঞ্জগুলোর বিষয়ে নীতি-নির্ধারণকারদের সচেতন করবে যাতে বিনিয়োগকৃত অর্থের সঠিক ব্যবহার সম্ভব হয়। সেই সঙ্গে বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা নিশ্চিত এবং এসডিজি বাস্তবায়নকারী সব প্রতিষ্ঠান ও স্বার্থসংশ্লিষ্ট পক্ষের মধ্যে তথ্য বিনিময়সহ সার্বিক সমন্বয় সাধনে এ প্ল্যাটফর্ম সহায়তা করবে। নাগরিক সমাজ থেকে আট ব্যক্তিকে নিয়ে এই প্ল্যাটফর্মের 'কোর গ্রুপ' করা হয়েছে। ১৩ জনকে নিয়ে করা হয়েছে উপদেষ্টা পরিষদ। 'কোর গ্রুপে' থাকছেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক দুই উপদেষ্টা সুলতানা কামাল ও রাশেদা কে. চৌধুরী, মানুষের জন্য ফাউন্ডেশনের চেয়ারম্যান শাহীন আনাম, টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান, মেট্রোপলিটান চেম্বারের সাবেক সভাপতি সৈয়দ নাসিম মঞ্জুর, ঢাকা চেম্বারের সাবেক সভাপতি আসিফ ইব্রাহিম, মোস্তাক রাজা চৌধুরী, সিপিডির নির্বাহী পরিচালক মোতাক্কির রহমান। উপদেষ্টা পরিষদে থাকছেন অধ্যাপক রেহমান সোবহান, অধ্যাপক আনিসুজ্জামান, ফজলে হাসান আবেদ, জামিলুর রেজা চৌধুরী, সৈয়দ মঞ্জুর এলাহী, ড. হামিদা হোসেন, ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ, মুস্তফা মনোয়ার, রোকেয়া আফজাল রহমান, রাজা দেবানীষ রায়, শ্রীমতি সাহা, অধ্যাপক আবদুল্লাহ আব সায়ীদ ও শাইখ সিরাজ। এ ছাড়া ২৬টি বেসরকারি সংস্থা এ প্ল্যাটফর্মে সহযোগী হিসেবে কাজ করবে, যার সচিবালয় হবে সিপিডি। এর মধ্যে রয়েছে অ্যাকশন এইড বাংলাদেশ, বাংলাদেশ আদিবাসী ফোরাম, ঢাকা আহছানিয়া মিশন, আইন ও সালিশ কেন্দ্র, বাংলাদেশ এনভায়রনমেন্টাল ল'ইয়ার অ্যাসোসিয়েশন (বেলা), বাংলাদেশ মহিলা পরিষদ, কেয়ার বাংলাদেশ, নিজেরা করি, অক্সফাম বাংলাদেশ। অনুষ্ঠানে ড. ইফতেখারুজ্জামান বলেন, এসডিজি যেমন বৈশ্বিকভাবে সার্বজনীন, তেমনি জাতীয়ভাবেও। এ লক্ষ্য অর্জনে আমরা সরকারের সহায়ক শক্তি হিসেবে কাজ করব। পাশাপাশি যেখানে ঘাটতি থাকবে সেখানে আমরা সরকারের সমালোচনা করব।

Citizens' platform to cooperate with govt in SDGs implementation

DHAKA :A new organization, 'Citizens Platform in Implementation of SDGs, Bangladesh' was launched yesterday in order to ensure accountability and legitimacy for achieving the Sustainable Development Goals (SDGs), the new development targets set by the United Nations to end poverty, fight inequality and injustice, and tackle climate change by 2030, reports BSS.

Distinguished Fellow of the Centre for Policy Dialogue (CPD) Debapriya Bhattacharya has been made the convener of the platform while Anisatul Fatema Yusuf will act as coordinator.

"We've formed this new platform to assist the government in implementation of SDGs because it is a mammoth task for the government to achieve the goals," Debapriya Bhattacharya said while launching the platform at a press conference at CIRDIP auditorium.

He said all quarters will have to come

forward to implement the SDGs. He said the set of 17 SDGs is a universal programme, which have been taken to end poverty, fight inequality and injustice, and tackle climate change by 2030.

Non-government organizations (NGOs), establishments and civil society need to work side by side with the government because it is a mammoth task to achieve SDGs, he added.

Core committee member of the platform Advocate Sultana Kamal, Rasheda K Chowdhury, chief executive of Transparency International Bangladesh (TIB) Dr Iftekhairuzzaman, former president of Dhaka Chamber of Commerce and Industry (DCCI) Asif Ibrahim, chief of Manusherjonay Foundation Shahin Anan, Brac vice-president Dr Mostafa Reza Chowdhury and CPD's executive director Prof Mustafizur Rahman, among others, spoke on the occasion.

এসডিজি বাস্তবায়নে নাগরিক প্লাটফর্মের যাত্রা

বর্তমান প্রতিবেদক

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা নিশ্চিত করার প্রতিশ্রুতি দিয়ে আনুষ্ঠানিক যাত্রা করলো 'এসডিজি বাস্তবায়নে নাগরিক প্লাটফর্ম, বাংলাদেশ'। একইসঙ্গে এসডিজি বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট পক্ষের মধ্যে তথ্য বিনিময়সহ সার্বিক সমন্বয় করতে সহযোগিতা করবে এই প্লাটফর্মটি। এর সচিবালয়ের দায়িত্ব পালন করবে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। প্লাটফর্মের আহ্বায়ক নির্বাচন করা হয়েছে সিপিডির সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য্যকে। গতকাল শনিবার রাজধানীর সিরডাপ মিলনায়নে সংবাদ সম্মেলনে তিনি বলেন, এই প্লাটফর্মের সমন্বয়ক করা হয়েছে সিপিডির পরিচালক আনিসাতুল ফাতেমা ইউসুফকে। দেশের ৮ জন বিশিষ্ট ব্যক্তিকে কোর গ্রুপ সদস্য এবং ১৩ জন বিশিষ্ট ব্যক্তিকে নিয়ে উপদেষ্টা পরিষদ গঠন করা হয়েছে। এছাড়া ২৬টি বেসরকারি সংস্থা এই প্লাটফর্মে

সহযোগী প্রতিষ্ঠান হিসেবে কাজ করবে। সংবাদ সম্মেলনে দেবপ্রিয় বলেন, ২০১৫ সালে জাতিসংঘ কর্তৃক অনুমোদিত এসডিজি বাস্তবায়নের মনু দিয়ে দেশে সুশাসন, মানবাধিকার ও আইনের শাসন প্রতিষ্ঠিত করতে সরকারকে সহযোগিতা করবে এই প্লাটফর্ম। তিনি বলেন, এ প্লাটফর্মের লক্ষ্য হলো এসডিজি বাস্তবায়নের অগ্রগতি ও মাত্রা পর্যবেক্ষণ, চ্যালেঞ্জগুলোর বিষয়ে নীতিনির্ধারণীদের সচেতন করা, যাতে বিনিয়োগকৃত অর্থে সঠিক ব্যবহার সম্ভব হয়। এছাড়া বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা নিশ্চিত করা, বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট পক্ষের মধ্যে তথ্য বিনিময়সহ সার্বিক সমন্বয় করতে সহযোগিতা করবে এই প্লাটফর্ম। তিনি আরও বলেন, এসডিজি বাস্তবায়ন প্রক্রিয়ায় দেশের একজন মানুষও যাতে পিছিয়ে না পড়ে, তা মনিটরিং করার উদ্দেশ্যে এই প্লাটফর্ম গঠন করা হচ্ছে। অনুষ্ঠানে কোর গ্রুপ সদস্য ও ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) এরপর পৃষ্ঠা ১১ কলাম ৬

এসডিজি বাস্তবায়নে শেখ পৃষ্ঠার পর

চেয়ারপারসন অ্যাডভোকেট সুলতানা কামাল বলেন, দেশে যে সুশাসনের অভাব রয়েছে তা তুলে ধরার জন্য এই প্লাটফর্ম একটি বড় সুযোগ। সুশাসনের অভাব দেশে দুর্নীতি বাড়ায় আর মানবাধিকার লঙ্ঘন করে। এভাবে রাষ্ট্র পরিচালিত হওয়ার মাধ্যমে নাগরিক মৌলিক অধিকার সংকুচিত হয়। এমতাবস্থায় রাষ্ট্র ও জনগণকে এক সঙ্গে কাজ করার জন্য এই প্লাটফর্ম গঠন করা হয়েছে। দেশে এখন সুশাসনের অভাব ও মানবাধিকার লঙ্ঘন হচ্ছে বলেও মন্তব্য করেন তিনি। প্লাটফর্মটির আরেক কোর গ্রুপ সদস্য ও মানুষের জন্য ফাউন্ডেশনের চেয়ারম্যান শাহীন আনাম বলেন, তৃণমূল পর্যায়সহ সবার জন্য সমান সুযোগ তৈরি করে এসডিজি বাস্তবায়ন করতে হবে। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের (ডিসিসিআই) সাবেক সভাপতি আসিফ ইব্রাহিম বলেন, কর্মসংস্থানের ক্ষেত্রে বেসরকারি খাত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বাংলাদেশে এসডিজির সঠিক বাস্তবায়ন নিশ্চিত করতে পরিবেশবান্ধব শিল্পায়ন কীভাবে করা যায় তার জন্য উদ্যোগ নিতে হবে। সরকারি বেসরকারি দুই পক্ষকেই এ জন্য সমন্বিত পদক্ষেপ নিতে হবে। টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান বলেন, সরকারের সহায়ক শক্তি হিসেবে কাজ করার অঙ্গীকার নিয়ে এই প্লাটফর্ম তৈরি হচ্ছে। এসডিজির যেসব লক্ষ্যমাত্রা বাস্তবায়নে সমস্যা বা ত্রুটি থাকবে তা শোধরানোর জন্য এই প্লাটফর্ম সমাধাচনা করবে। এ সময় আরও উপস্থিত ছিলেন সিপিডির নির্বাহী পরিচালক ড. মোতাক্কিনুর রহমান, সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা রাশেদা কে চৌধুরী প্রমুখ।

সামাজিক জবাবদিহিতা নিশ্চিত নাগরিক প্ল্যাটফর্মের আত্মপ্রকাশ

স্টাফ রিপোর্টার : উন্নয়নের টেকসই লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা নিশ্চিতের প্রতিশ্রুতি নিয়ে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করেছে একটি নাগরিক প্ল্যাটফর্ম। গতকাল শনিবার আত্মপ্রকাশ করা এ প্ল্যাটফর্মের আহ্বায়ক ও সমন্বয়কের দুটি পদেই রয়েছেন সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) দুই কর্মকর্তা দেবপ্রিয় ভট্টাচার্য ও আনিসাতুল ফাতেমা ইউসুফ। নাগরিক সমাজ থেকে ৮ ব্যক্তিকে নিয়ে এ প্ল্যাটফর্মের 'কোর গ্রুপ' করা হয়েছে। ১৩ জনকে নিয়ে করা হয়েছে উপদেষ্টা পরিষদ। 'কোর গ্রুপে' থাকছেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক দুই উপদেষ্টা সুলতানা কামাল ও রাশেদা কে চৌধুরী, মানুষের জন্য ফাউন্ডেশনের চেয়ারম্যান শাহীন আনাম, টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান, মেট্রোপলিটান চেম্বারের সাবেক সভাপতি সৈয়দ নাসিম মঞ্জুর, ঢাকা চেম্বারের সাবেক সভাপতি আসিফ ইব্রাহিম, মোস্তাক রাজা চৌধুরী, সিপিডির নির্বাহী পরিচালক মোস্তাফিজুর রহমান।

উপদেষ্টা পরিষদে থাকছেন অধ্যাপক রেহমান সোবহান, অধ্যাপক আনিসুজ্জামান, ফজলে হাসান আবেদ, জামিলুর রেজা চৌধুরী, সৈয়দ মঞ্জুর এলাহী, ড. হামিদা হোসেন, ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ, মুস্তফা মনোয়ার, রোকেয়া আফজাল

রহমান, রাজা দেবাশীষ রায়, শ্রীমতি সাহা, অধ্যাপক আব্দুল্লাহ আবু সায়ীদ ও শাইখ সিরাজ। এ ছাড়া ২৬টি বেসরকারি সংস্থা এ প্ল্যাটফর্ম সহযোগী হিসেবে কাজ করবে, যার সচিবালয় হবে সিপিডি। এর মধ্যে রয়েছে অ্যাকশন এইড বাংলাদেশ, বাংলাদেশ আদিবাসী ফোরাম, ঢাকা আহছানিয়া মিশন, আইন ও সালিশ কেন্দ্র, বাংলাদেশ এনভায়রনমেন্টাল ল'ইয়ার অ্যাসোসিয়েশন (বেলা), বাংলাদেশ মহিলা পরিষদ, কেয়ার বাংলাদেশ, নিজেরা করি, অক্সফাম বাংলাদেশ।

রাজধানীর সিরডাপ মিলনায়তনে শনিবার এক সংবাদ সম্মেলনে নতুন প্ল্যাটফর্ম গঠনের ঘোষণা দিয়ে দেবপ্রিয় বলেন, ২০১৫ সালে জাতিসংঘ ঘোষিত এসডিজি বাস্তবায়নের মধ্যদিয়ে দেশে সুশাসন, মানবাধিকার ও আইনের শাসন প্রতিষ্ঠিত করতে সরকারকে সহযোগিতা করবে এ প্ল্যাটফর্ম। এ প্ল্যাটফর্মের লক্ষ্য হলো এসডিজি বাস্তবায়নের অগ্রগতি ও মাত্রা পর্যবেক্ষণ, চ্যালেঞ্জগুলোর বিষয়ে নীতি-নির্ধারকদের সচেতন করা, যাতে বিনিয়োগ করা অর্থের সৃষ্টি ব্যবহার সম্ভব হয়। এ ছাড়া বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা নিশ্চিত করা, বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট পক্ষের মধ্যে তথ্য বিনিময়সহ সার্বিক সমন্বয়

এরপর পৃষ্ঠা ২ কলাম ১

সামাজিক জবাবদিহিতা

শেষ পৃষ্ঠার পর : করতে সহযোগিতা করবে এই প্ল্যাটফর্ম। এসডিজি বাস্তবায়ন প্রক্রিয়ায় দেশের একজন মানুষও যাতে পিছিয়ে না পড়ে তা মনিটরিং করার উদ্দেশ্যে এ প্ল্যাটফর্ম গঠন করা হচ্ছে বলেন সিপিডির সম্মানীয় ফেলো দেবপ্রিয়। সংবাদ সম্মেলনে টিআইবি চেয়ারপারসন সুলতানা কামাল বলেন, দেশে যে সুশাসনের অভাব রয়েছে, তা তুলে ধরার জন্য এ প্ল্যাটফর্ম একটি বড় সুযোগ। সুশাসনের অভাবে দেশে দুর্নীতি বাড়ায় আর মানবাধিকার লঙ্ঘন করে রাষ্ট্র পরিচালিত হওয়ায় নাগরিক মৌলিক অধিকার সঙ্কুচিত হয়। এ অবস্থায় রাষ্ট্র ও জনগণ এক সাথে কাজ করতে এ প্ল্যাটফর্ম গঠন করা হয়েছে। শাহীন আনাম, আসিফ ইব্রাহিম, ইফতেখারুজ্জামান ও সংবাদ সম্মেলনে বক্তব্য দেন। উপস্থিত ছিলেন রাশেদা কে চৌধুরী ও মোস্তাফিজুর রহমান।

রাষ্ট্র আইন নিজের হাতে তুলে নিচ্ছে

— সুলতানা কামাল



নিজস্ব প্রতিবেদক ■

রাষ্ট্র সুশাসন নিশ্চিত করার পরিবর্তে আইন নিজের হাতে তুলে নিচ্ছে বলে অভিযোগ করেছেন ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) ট্রাস্টি বোর্ডের সভাপতি অ্যাডভোকেট সুলতানা কামাল। গতকাল রাজধানীতে এক সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন তিনি।

সুশাসনের অভাবে সমাজে হতাশা তৈরি হচ্ছে মন্তব্য করে সাবেক তত্ত্বাবধায়ক সরকারের এ উপদেষ্টা বলেন, ‘আমরা দেখতে পাচ্ছি, রাষ্ট্র কোনো কিছু

তোয়াক্লা করছে না, নিজের হাতে আইন তুলে নিচ্ছে। কোনো সমস্যা সমাধান করতে গেলে ছোটখাটো পথ খুঁজছে। অন্যদিকে মানুষ মানুষকে পিটিয়ে মেরে ফেলছে, ফতোয়ার মাধ্যমে অমানবিক কার্যক্রমকে সমর্থন দিচ্ছে।’

ক্রসফায়ার প্রসঙ্গে তিনি বলেন, মানুষ আমাদের বলছে, ‘ক্রসফায়ার হওয়ার পরে আপনারা তাদের পক্ষে কথা বলছেন কেন? যাদের ক্রসফায়ারে দেয়া হচ্ছে, তারা অন্যের মানবাধিকার লঙ্ঘন করেছে। অতএব তাদের মানবাধিকার নেই। যেনতেনভাবে নিজের অস্তিত্ব রক্ষা করতে হবে, কেউ অপরাধ করলে প্রমাণের আগেই তাকে শেষ করে দিতে হবে— এ ধরনের একটা বোধ সমাজে চলে এসেছে। এটা কোনো আধুনিক, গণতান্ত্রিক, সুশাসনসম্পন্ন রাষ্ট্রের লক্ষ্য নয়।’

সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মানিত ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা রাশেদা কে চৌধুরী, মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহিন আনাম, টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান, সিপিডির নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান, বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্টের (বিল্ড) ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আসিফ ইব্রাহিমসহ

একপত্র ১১ পর্দা ৬ কলাম ৫

রাষ্ট্র আইন নিজের

শেষ পৃষ্ঠার পর

নাগরিক সমাজের প্রতিনিধি এবং বিভিন্ন বেসরকারি সংস্থার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

‘টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে নাগরিক প্লাটফর্ম, বাংলাদেশ’ নামে একটি উদ্যোগের আত্মপ্রকাশ উপলক্ষে রাজধানীর সিরডাপ মিলনায়তনে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। এসডিজির সুফল সর্বজনীন করার জন্য নাগরিক সমাজের উদ্যোগে এ প্লাটফর্ম তৈরি করা হয়েছে। বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সিপিডির নেতৃত্বে গঠিত এ প্লাটফর্মে জাতীয় ও তৃণমূল পর্যায়ে অর্থনীতি, শিক্ষা, স্বাস্থ্য, জলবায়ু, কর্মসংস্থানসহ বিভিন্ন বিষয় নিয়ে কাজ করা গবেষণা প্রতিষ্ঠান ও সংস্থাগুলোকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

সংবাদ সম্মেলনে নাগরিক প্লাটফর্মের বিষয়ে ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, ২০১৫ সালের সেপ্টেম্বরে জাতিসংঘের ৭০তম সভায় সব রাষ্ট্রের স্বাক্ষরের মাধ্যমে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এজেন্ডা-২০৩০ সূচিত হয়। চলতি বছরের শুরু থেকেই এ লক্ষ্যমাত্রা বাস্তবায়নে এর চ্যালেঞ্জ ও সম্ভাবনা নিয়ে সারা বিশ্বেই আলোচনা চল আসছে। এজেন্ডা-২০৩০ এ নির্ধারিত ১৭টি লক্ষ্যমাত্রা ২০১৫ পূর্ববর্তী সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রার তুলনায় অনেক বিস্তৃত, সর্বজনীন,

পরস্পর সংশ্লিষ্ট, রূপান্তরমুখী এবং অন্তর্ভুক্তিমূলক। এ লক্ষ্যমাত্রাটি অনেক বেশি উচ্চাকাঙ্ক্ষী হওয়ায় তা বাস্তবায়নে সবার অংশগ্রহণের বিষয়টি সর্বাগ্রে আসবে। ফলে এ প্রক্রিয়ায় সরকারের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠান, সংস্থা এবং নাগরিক সমাজের অংশগ্রহণ নিশ্চিত করতে নাগরিক প্লাটফর্ম গঠন করা হয়েছে।

রাশেদা কে চৌধুরী বলেন, দেশের উন্নয়ন হলেও একটি বড় অংশ তা থেকে ছিটকে পড়ে আছে। কাগজে-কলমে সুশাসন থাকলেও বাস্তব চিত্র ভিন্ন। এমডিজিতে যেসব মানুষ পিছিয়ে ছিল, তাদের নিয়েই এসডিজি শুরু করতে হবে। সব মানুষের শিক্ষা ও কর্মসংস্থানের বিষয়টিকে গুরুত্ব দিয়ে সামনে এগোতে হবে।

উন্নয়নে তৃণমূল মানুষ এবং সুশাসনকে বেশি গুরুত্ব দেয়ার আহ্বান জানিয়ে শাহিন আনাম বলেন, মোট জনসংখ্যার ৭০ শতাংশ তৃণমূল পর্যায়ে। দেশ মধ্যম আয়ের দেশে উন্নীত হলেও তৃণমূল পর্যায়ে জনসংখ্যার বিরাট অংশ তা থেকে বেশ দূরে থাকবে। অন্যদিকে নির্দিষ্ট সংখ্যক মানুষ অধিক সুবিধা গ্রহণ করায় সুশাসন ও মানবাধিকার লঙ্ঘন হচ্ছে। ফলে কাগজে-কলমে উন্নয়ন দেখা গেলেও বাস্তবতা তা নয়।

বিশিষ্ট ব্যক্তিদের উদ্যোগে নাগরিক প্র্যাটফর্মের আত্মপ্রকাশ

রাষ্ট্র আইন হাতে তুলে নিচ্ছে সুলতানা কামাল

রাষ্ট্র আইন হাতে তুলে নিচ্ছে

প্রথম পৃষ্ঠার পর

প্র্যাটফর্ম, বাংলাদেশ' দেশের বিশিষ্ট নাগরিক ও বেসরকারি সংস্থার উদ্যোগে গঠিত একটি মঞ্চ। এটি জাতিসংঘ ঘোষিত এসডিজি বাস্তবায়নে কাজ করবে।

সুলতানা কামাল বলেন, মানুষ আমাদের বলছে, ক্রসফায়ার হওয়ার পরে আপনারা কথা বলছেন কেন? যাদের ক্রসফায়ারে দেয়া হচ্ছে, তারা অন্যের মানবাধিকার লঙ্ঘন করেছে। অতএব, তাদের মানবাধিকার নেই'।

এই যে একটা বোধ সমাজে চলে আসে, যেনতেনভাবে নিজের অস্তিত্ব রক্ষা করতে হবে এটা কোনো আধুনিক, গণতান্ত্রিক, সুশাসনসম্পন্ন রাষ্ট্রের লক্ষ্য নয়। সুশাসনের অভাবের এক পর্যায়ে সমাজে হতাশা তৈরি হয় উল্লেখ করে সুলতানা কামাল আরও বলেন, 'হতাশা থেকে আমরা দেখতে পাচ্ছি, রাষ্ট্র নিজের হাতে আইন তুলে নিচ্ছে। কোনো কিছুর তোয়াক্কা করছে না। কোনো সমস্যা সমাধান করতে গেলে ছোটখাটো পথ খুঁজছে। অন্যদিকে

মানুষ মানুষকে পিটিয়ে মেরে ফেলছে, ফতোয়ার মাধ্যমে অমানবিক কার্যক্রমকে সমর্থন দিচ্ছে। অর্থনীতিবিদ ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, দেশে সুশাসন প্রতিষ্ঠা না হলে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব নয়'।

অর্থনীতিবিদ, মানবাধিকারকর্মী, উন্নয়নকর্মী, উদ্যোক্তা এবং গবেষণা প্রতিষ্ঠানসহ প্রায় ত্রিশটি সংস্থার প্রধানদের সমন্বয়ে গঠন করা হয়েছে প্র্যাটফর্মটি। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন বা এসডিজি বাস্তবায়নে বিভিন্ন পর্যায়ে সরকারের পাশাপাশি সক্রিয় ভূমিকা রাখা এবং প্রক্রিয়ার

জবাবদিহিতা নিশ্চিতের পর্যবেক্ষণ করা এ প্র্যাটফর্মের উদ্দেশ্য। সংবাদ সম্মেলনে সংগঠনটির কর্মপরিকল্পনা তুলে ধরা হয়। একুশ্বা এসজিডি'র লক্ষ্যের ১৬ অধ্যায়ের ওপরই গুরুত্ব দেয়া হবে। একই সঙ্গে এক্ষেত্রে সরকারের ভুল দিকগুলো তুলে ধরে সমালোচনা করবেন সংগঠনটি।

এছাড়া এসডিজি'র ১৭টি লক্ষ্য এবং ১৬৯টি অর্জনের ওপর গবেষণাও করবে নাগরিক প্র্যাটফর্ম বলে জানান টিআইবি নির্বাহী ড. ইফতেখারুজ্জামান ও সিপিডি'র মোস্তাফিজুর রহমান।

স্টাফ রিপোর্টার

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ও ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের

(টিআইবি) সভাপতি অ্যাডভোকেট সুলতানা কামাল বলেছেন, রাষ্ট্র

কোনো কিছুর তোয়াক্কা না করে আইন নিজের হাতে তুলে নিচ্ছে। তিনি বলেন, সুশাসনের অভাব থাকলে পদে পদে মানবাধিকারের

লঙ্ঘন ঘটতে থাকে, তেমনি মানুষের জীবনও অনিরাপদ হয়ে পড়ে। গতকাল শনিবার 'টেকসই উন্নয়ন

লক্ষ্য (এসডিজি) বাস্তবায়নে নাগরিক প্র্যাটফর্ম, বাংলাদেশ' নামের একটি উদ্যোগের আত্মপ্রকাশ নিয়ে প্রেস

ব্রিফিংয়ে সুলতানা কামাল এসব কথা বলেন। রাজধানীর সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠানটি হয়। টেকসই

উন্নয়ন লক্ষ্য (এসডিজি) বাস্তবায়নে নাগরিক

পৃ : ২ ক : ৭

গণতান্ত্রিক দেশে মানবাধিকার এভাবে লঙ্ঘিত হয় না

■ ইত্তেফাক রিপোর্ট

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) সভাপতি এডভোকেট সুলতানা কামাল বলেছেন, বর্তমানে দেশের সুশাসন ও নাগরিক অধিকার নিয়ে আমি সবচেয়ে বেশি হতাশ ও উদ্বেগ। গণতান্ত্রিক দেশে সুশাসনের অভাব থাকলে পদে পদে নানা ধরনের সমস্যা তৈরি হয়। যা বর্তমানে আমাদের দেশে হচ্ছে। একদিকে সরকার নিজের হাতে আইন তুলে নিচ্ছে অন্যদিকে মানুষও নিজ হাতে আইন তুলে নিচ্ছে। সামান্য কারণে মানুষ মানুষকে পিটিয়ে মেরে ফেলছে। সুশাসনের অভাবে হতাশা তৈরি হওয়ায় এভাবে মানবাধিকার লঙ্ঘিত হচ্ছে। কোনো আধুনিক গণতান্ত্রিক দেশে এভাবে মানবাধিকার লঙ্ঘিত হয় না। এসডিজি (টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা) বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্মের আত্মপ্রকাশ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

গতকাল শনিবার সিরডাপ মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে প্ল্যাটফর্মের আহবায়ক ড. দেবপ্রিয় ভট্টাচার্যের সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা রাশেদা কে চৌধুরী, মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহীন আনাম, টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান, ব্র্যাকের সহ-সভাপতি মোস্তাক রাজা চৌধুরী, সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান, ঢাকা চেম্বারের সাবেক সভাপতি আসিফ ইব্রাহিমসহ আরো অনেকে।

নাগরিক প্ল্যাটফর্মের আত্মপ্রকাশ অনুষ্ঠানে সুলতানা কামাল

সুলতানা কামাল আরো বলেন, মানুষ আমাদেরকে বলছে, আপনারা ক্রসফায়ার নিয়ে কথা বলছেন কেন। যাদের ক্রসফায়ারে দেয়া হচ্ছে তারা অন্যের মানবাধিকার লঙ্ঘন করেছে। তাই তাদের মানবাধিকার নেই। কিন্তু যেনতেনভাবে নিজের অস্তিত্ব রক্ষা করার এ বোধ ইতিবাচক নয়। এতে যেভাবে মানবাধিকার লঙ্ঘিত হচ্ছে এটা কোনো আধুনিক ও সুশাসনসম্পন্ন গণতান্ত্রিক রাষ্ট্রে হতে পারে না। উন্নয়ন শুধু প্রবৃদ্ধি দিয়ে বিচার করা যায় না উল্লেখ করে সুলতানা কামাল বলেন, দেশের মানুষের ন্যূনতম অধিকার রক্ষা হচ্ছে কিনা, মানুষের স্বাধীনতা রয়েছে কিনা এবং মানুষের মানবাধিকার রক্ষা হচ্ছে কিনা তা বিবেচনা করতে হবে। এসডিজির লক্ষ্যে পৌঁছাতে হলে সুশাসন নিশ্চিত করতে হবে।

অনুষ্ঠানে ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, এসডিজির যে ১৮টি অভীষ্টে আমাদের পৌঁছাতে হবে তার মধ্যে ১৬ নম্বর অভীষ্ট বর্তমানে সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ। এখানে সুশাসন ও নাগরিকের অধিকারের কথা বলা হয়েছে। এসডিজি যে ভিত্তির উপর দাঁড়িয়ে আছে তা বাস্তবায়ন হবে না যদি সুশাসন ও নাগরিক অধিকার নিশ্চিত করা না যায়। তাই এটি গুরুত্বপূর্ণ।

শাহীন আনাম বলেন, বর্তমানে বড় সংকট হলে সুশাসনের অভাব। এর অভাবে দেশে মানবাধিকার লঙ্ঘিত হচ্ছে। এ ব্যাপারে কোনো পক্ষ থেকে বলিষ্ঠ কণ্ঠস্বরও পাওয়া যাচ্ছে না। এভাবে যদি মানবাধিকার লঙ্ঘিত হতে থাকে তবে দেশের কাঙ্ক্ষিত উন্নয়ন সম্ভব হবে না।



এসডিজি বাস্তবায়নে নাগরিক প্র্যাটফর্ম, বাংলাদেশ-এর আত্মপ্রকাশ অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্র্যাটফর্মের আহবায়ক ও সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য - ইত্তেফাক

টেকসই উন্নয়নের স্বচ্ছতা দেখতে নাগরিক প্র্যাটফর্ম গঠন

■ ইত্তেফাক রিপোর্ট

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) পূরণে সরকারের কার্যক্রমে সহযোগী ভূমিকা রাখতে নাগরিক প্র্যাটফর্ম গঠন করা হয়েছে। এ প্র্যাটফর্ম এসডিজি বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে কাজ করবে। এসডিজি বাস্তবায়নে নাগরিক প্র্যাটফর্ম, বাংলাদেশ নামে এ প্র্যাটফর্মের আহবায়ক হিসেবে রয়েছেন সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য।

নাগরিক প্র্যাটফর্ম গঠনের বিষয়ে ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, এসডিজির লক্ষ্যগুলো যেন বাংলাদেশ ভালোভাবে পূরণ করতে পারে। কেউ যেন এ উন্নয়ন থেকে বাদ না পড়ে সে বিষয়গুলো বিবেচনা করাই এ প্র্যাটফর্মের কাজ। এসডিজি বাস্তবায়নে সরকারের কার্যক্রমের সঠিকতা ও ভুলগুলো তুলে ধরে বাস্তবায়ন প্রক্রিয়া ত্বরান্বিত করতে এ প্র্যাটফর্ম কাজ করবে। এ ছাড়া এ প্র্যাটফর্মের মাধ্যমে তৃণমূল মানুষের উন্নয়ন ভালোও সরকারের কাছে তুলে ধরা হবে।

সরকারের এসডিজি বাস্তবায়নে এ প্র্যাটফর্ম সহযোগী ভূমিকায় থাকবে। গতকাল শনিবার সিরডাপ মিলনায়তন কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানের মধ্য দিয়ে এ প্র্যাটফর্মের আত্মপ্রকাশ করা হয়েছে।

এ প্র্যাটফর্মের সদস্য হিসেবে রয়েছেন ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) সভাপতি অ্যাডভোকেট সুলতানা কামাল, মেট্রোপলিটন চেম্বারের সভাপতি সৈয়দ নাসিম মঞ্জুর, সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা রাশেদা কে চৌধুরী, টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান, ব্র্যাকের সহ-সভাপতি ড. মোস্তাক রাজা চৌধুরী, মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহীন আনাম, সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান এবং ঢাকা চেম্বারের সাবেক সভাপতি আসিফ ইব্রাহিম। প্র্যাটফর্মের উপদেষ্টা পরিষদে রয়েছেন ড. রেহমান সোবহান, ড. আনিসুজ্জামান, স্যার ফজলে হাসান আবেদ, জামিলুর রেজা চৌধুরী, সৈয়দ মঞ্জুর এলাহী, ড. হামিদা হোসেন, ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ, মুস্তাফা মনোয়ার, রোকেয়া আফজাল রহমান, রাজা দেবানীষ রায়, শ্রীমতী সাহা, অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ ও শাইখ সিরাজ। এ ছাড়া ২৬টি বেসরকারি সংস্থা এ প্র্যাটফর্মের সহযোগী হিসেবে কাজ করবে। প্র্যাটফর্মের সচিবালয় হবে সিপিডি। সমন্বয়ক

সিপিডির আনিসাতুল ফাতেমা ইউসুফ।

ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, এ প্র্যাটফর্মের লক্ষ্য হলো এসডিজি বাস্তবায়নের অগ্রগতি ও মাত্রা পর্যবেক্ষণ, চ্যালেঞ্জগুলোর বিষয়ে নীতি-নির্ধারকদের সচেতন করা, যাতে বিনিয়োগ করা অর্থের সুষ্ঠু ব্যবহার সম্ভব হয়। এ ছাড়া বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা নিশ্চিত করা, বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট পক্ষের মধ্যে তথ্য বিনিময়সহ সার্বিক সমন্বয় করতে সহযোগিতা করবে এই প্র্যাটফর্ম। প্র্যাটফর্মের কর্মপরীধি হিসেবে তিনটি বিষয়কে উল্লেখ করে তিনি বলেন, বাংলাদেশের জন্য প্রয়োজ্য লক্ষ্য, অস্ট্রিট ও সূচকগুলো বাস্তবায়নে কোনগুলোকে প্রাধান্য দিতে হবে তা নির্ধারণ করা হবে। এসডিজি বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করা হবে। পাশাপাশি এসডিজি বাস্তবায়নকারী সরকারি ও বেসরকারি সংস্থাগুলোকে প্রয়োজনীয় মন্তব্য ও মতামত প্রদান করা হবে।

রাশেদা কে চৌধুরী বলেন, সরকারের পাশাপাশি আমরাও শিক্ষা, স্বাস্থ্য ও নারী তথা দেশের উন্নয়নে কাজ করে থাকি। তাই নাগরিক দৃষ্টিকোণ থেকে এসডিজি বাস্তবায়নকে ত্বরান্বিত করতে যা প্রয়োজন মর্মে হবে আমরা তা সরকারকে জানাব। যেন দেশের মধ্যে কেউ উন্নয়নের অগ্রযাত্রা থেকে বাদ না পড়ে। এটিই হবে আমাদের মূল ফোকাস। ড. ইফতেখারুজ্জামান বলেন, সরকারের সহায়ক হিসেবে এ প্র্যাটফর্ম কাজ করবে। এসডিজি বাস্তবায়নে সরকারের কাজে যদি কোনো ঘাটতি থাকে আমরা তা ধরিয়ে দেওয়ার চেষ্টা করব। এখানে সরকারের ভালো কাজের প্রশংসা যেমন করা হবে তেমনি কাজে পিছিয়ে পড়লে সেজন্য গঠনমূলক সমালোচনাও করা হবে। এ প্র্যাটফর্ম তখনই কার্যকর হবে যখন সরকারকে সমালোচনা শোনার জন্য প্রস্তুত থাকবে।

এসডিজি বাস্তবায়নে আমাদের বর্তমান প্রস্তুতি কেমন এমন প্রশ্নের জবাবে ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, আফ্রিকার অনেক দেশের তুলনায় এসডিজি বাস্তবায়নে আমাদের প্রস্তুতি অনেক ভালো। সবচেয়ে বড় বিষয় হলো—যখন এসডিজি আলোচনা এসেছে তখন আমাদের সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনাও নেওয়া হয়েছে। ফলে এসডিজির বেশ কিছু বিষয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। তবে এসডিজি বাস্তবায়নের বিষয়টি শুধু মন্ত্রণালয়ের উচ্চ পর্যায়ে থেকে গেলে হবে না। এটা তৃণমূল পর্যায়ে পৌঁছে দিতে হবে।

এসডিজির লক্ষ্য বাস্তবায়ন



শনিবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে সেন্টার ফর পলিসি ডায়ালগ আয়োজিত সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন সিপিডির সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য্য। পাশে টিআইবি চেয়ারপারসন অ্যাডভোকেট সুলতানা কামাল -ফোকাস বাংলা

এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম

যাযাদি রিপোর্ট

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা নিশ্চিতের প্রতিশ্রুতি দিয়ে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করলো 'এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম'।

একই সঙ্গে এসডিজি বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট পক্ষের মধ্যে তথ্য বিনিময়সহ সার্বিক সমন্বয় করতে সহযোগিতা করবে এ প্ল্যাটফর্ম। এর সচিবালয়ের দায়িত্ব পালন করবে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। শনিবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়। প্ল্যাটফর্মের আত্মায়ক নির্বাচন করা হয়েছে সিপিডির সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য্যকে। সংবাদ সম্মেলনে ড. দেবপ্রিয় ভট্টাচার্য্য বলেন, এই প্ল্যাটফর্মের সমন্বয় করা হয়েছে সিপিডির পরিচালক অনিসাতুল ফাতেমা ইউসুফকে। দেশের আট বিশিষ্ট ব্যক্তিকে কোর গ্রুপ সদস্য এবং ১৩ বিশিষ্টজনকে নিয়ে উপদেষ্টা পরিষদ গঠন করা হয়েছে। এছাড়া ২৬ বেসরকারি সংস্থাকে এই প্ল্যাটফর্মের সহযোগী প্রতিষ্ঠান হিসেবে কাজ করবে।

সংবাদ সম্মেলনে দেবপ্রিয় বলেন, ২০১৫ সালে জাতিসংঘ কর্তৃক অনুমোদিত এসডিজি বাস্তবায়নের মধ্যদিয়ে দেশে সুশাসন, মানবাধিকার ও আইনের শাসন প্রতিষ্ঠিত করতে সরকারকে সহযোগিতা করবে এই প্ল্যাটফর্ম। এ প্ল্যাটফর্মের লক্ষ্য এসডিজি বাস্তবায়নের অগ্রগতি ও মাত্রা পর্যবেক্ষণ চ্যালেঞ্জগুলোর বিষয়ে নীতিনির্ধারকদের সচেতন করা যাতে বিনিয়োগকৃত অর্থের সঠিক ব্যবহার সম্ভব হয়। এছাড়া বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা নিশ্চিত করা, বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট পক্ষের মধ্যে তথ্য বিনিময়সহ সার্বিক সমন্বয় করতে সহযোগিতা করবে এ প্ল্যাটফর্ম।

অনুষ্ঠানে কোর গ্রুপ সদস্য ও ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) চেয়ারপারসন অ্যাডভোকেট সুলতানা কামাল বলেন, সুশাসনের অভাব দেশে দুর্নীতি বাড়ায় আর মানবাধিকার লঙ্ঘন করে রাষ্ট্র পরিচালিত হলে নাগরিক মৌলিক অধিকার সংকচিত হয়। এমনভাবে রাষ্ট্র ও

জনগণকে এক সঙ্গে কাজ করার জন্য এই প্ল্যাটফর্ম গঠন করা হয়েছে। দেশে এখন সুশাসনের অভাব ও মানবাধিকার লঙ্ঘন হচ্ছে বলেও মন্তব্য করেন তিনি।

সুলতানা কামাল বলেন, 'মানুষ আমাদের বলছে, ক্রসফায়ার হওয়ার পরে আপনারা কথা বলছেন কেন? যাদের ক্রসফায়ারে দেও হচ্ছে, তারা অন্যের মানবাধিকার লঙ্ঘন করেছে। অতএব তাদের মানবাধিকার নেই। এই যে একটা বোধ সমাজে চলে আসে, যেনতেনভাবে নিজের অস্তিত্ব রক্ষা করতে হবে। এটা কোনো আধুনিক, গণতান্ত্রিক, সুশাসনসম্পন্ন রাষ্ট্রের লক্ষ্য নয়।'

সুশাসনের অভাবের একপর্যায়ে সমাজে হতাশা তৈরি হয় উল্লেখ করে সুলতানা কামাল আরও বলেন, 'হতাশা থেকে আমরা দেখতে পাচ্ছি, রাষ্ট্র নিজের হাতে আইন তুলে নিচ্ছে। কোনো কিছুর তোয়াক্কা করছে না। কোনো সমস্যা সমাধান করতে গেলে ছোটখাটো পথ খুঁজছে। অন্যদিকে মানুষ মানুষকে পিটিয়ে মেরে ফেলছে, ফতোয়ার মাধ্যমে অমানবিক কার্যক্রমকে সমর্থন দিচ্ছে।' প্ল্যাটফর্মটি আরেক কোর গ্রুপ সদস্য ও মানুষের জন্য ফাউন্ডেশনের চেয়ারম্যান শাহীন আনাম বলেন, 'তৃণমূল পর্যায়সহ সবার জন্য সমান সুযোগ তৈরি করে এসডিজি বাস্তবায়ন করতে হবে।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের (ডিসিসিআই) সাবেক সভাপতি অসিফ ইব্রাহিম বলেন, কর্মসংস্থানের ক্ষেত্রে বেসরকারি খাত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। দেশে এসডিজির সঠিক বাস্তবায়ন নিশ্চিত করতে পরিবেশবান্ধব শিল্পায়ন কিভাবে করা যায় তার উদ্যোগ নিতে হবে। সরকারি-বেসরকারি দুপক্ষকেই এজন্য সমন্বিত পদক্ষেপ নিতে হবে।

টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান বলেন, সরকারের সহায়ক শক্তি হিসেবে কাজ করার অঙ্গিকার নিয়ে এই প্ল্যাটফর্ম তৈরি হচ্ছে। এসডিজির যেসব লক্ষ্যমাত্রা বাস্তবায়নে সমস্যা বা ত্রুটি থাকবে তা শুধরানোর জন্য এ প্ল্যাটফর্ম সমালোচনা করবে। সংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন সিপিডির নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা রাশেদা বে

এসডিজি বাস্তবায়নে যাত্রা শুরু করল নাগরিক প্লাটফর্ম

অর্থনৈতিক রিপোর্টার ॥ জাতিসংঘ ঘোষিত এসডিজি বাস্তবায়নে নাগরিক প্লাটফর্ম, বাংলাদেশ নামে একটি বেসরকারী সংস্থার যাত্রা শুরু হয়েছে। নাগরিক সমাজের সম্মানিত ব্যক্তিবর্গ নিয়ে গঠিত ৮ সদস্যের একটি কোর গ্রুপ এই প্লাটফর্মের নেতৃত্ব দেবে। এছাড়া ১৩ জনকে নিয়ে করা হয়েছে উপদেষ্টা পরিষদ। কোর গ্রুপের সদস্যরা প্রত্যেকে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে বিশেষজ্ঞ হবেন।

শনিবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে সংবাদ সম্মেলনে নবগঠিত এই জোটের ঘোষণা দেন জোটটির আস্থায়ক সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য। ৩৮ বেসরকারী উন্নয়ন সংস্থার প্রতিনিধি ও সুশীল সমাজের বিশিষ্টজনদের অংশগ্রহণে জোটটি গঠিত হয়েছে। এছাড়া ২৬ বেসরকারী সংস্থা এ প্লাটফর্মে সহযোগী হিসেবে কাজ করবে, যার সচিবালয় হবে সিপিডি। স্থায়িত্বশীল উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে এজেন্ডা-৩০ বাস্তবায়নে সরকারের সহায়ক শক্তি হিসেবে কাজ করবে নাগরিক প্লাটফর্ম নামের এই জোট।

এদিকে, কোর গ্রুপে থাকছেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক দুই উপদেষ্টা সুলতানা কামাল ও রাশেদা কে চৌধুরী, মানুষের জন্য ফাউন্ডেশনের চেয়ারম্যান শাহীন আনাম, টিআইবির নির্বাহী পরিচালক

ইফতেখারুজ্জামান, মেট্রোপলিটান চেম্বারের সাবেক সভাপতি সৈয়দ নাসিম মঞ্জুর, ঢাকা চেম্বারের সাবেক সভাপতি আসিফ ইব্রাহিম, মোস্তাক রাজা চৌধুরী, সিপিডির নির্বাহী পরিচালক মোস্তাফিজুর রহমান। সরকারের সহায়ক শক্তি হিসেবে ঘোষণা দেয়া এই প্লাটফর্মের উপদেষ্টা পরিষদে থাকছেন অধ্যাপক রেহমান সোবহান, অধ্যাপক আনিসুজ্জামান, ফজলে হাসান আবেদ, জামিলুর রেজা চৌধুরী, সৈয়দ মঞ্জুর এলাহী, ড. হামিদা হোসেন, ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ, মুস্তফা মনোয়ার, রোকেয়া আফজাল রহমান, রাজা দেবশীষ রায়, শ্রীমতি সাহা, অধ্যাপক আব্দুল্লাহ আবু সায়ীদ ও শাইখ সিরাজ।

এছাড়া বেসরকারী উন্নয়ন সংস্থা এ্যাকশন এইড বাংলাদেশ, বাংলাদেশ আদিবাসী ফোরাম, ঢাকা আহছানিয়া মিশন, আইন ও সালিশ কেন্দ্র, বাংলাদেশ এনভায়রনমেন্টাল লইয়ার এ্যাসোসিয়েশন (বেলা), বাংলাদেশ মহিলা পরিষদ, কেয়ার বাংলাদেশ, নিজেরা করি, অল্পফাম বাংলাদেশ এসডিজি বাস্তবায়নে সহযোগী হিসেবে কাজ করবে।

সংবাদ সম্মেলনে নতুন প্লাটফর্ম গঠনের ঘোষণা দিয়ে ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, ২০১৫ সালে জাতিসংঘ ঘোষিত এসডিজি বাস্তবায়নের মধ্য দিয়ে দেশে সুশাসন, মানবাধিকার ও আইনের শাসন প্রতিষ্ঠায় সরকারকে

সহযোগিতা করবে এ প্লাটফর্ম। এ প্লাটফর্মের লক্ষ্য হলো এসডিজি বাস্তবায়নের অগ্রগতি ও মাত্রা পর্যবেক্ষণ, চ্যালেঞ্জগুলোর বিষয়ে নীতি-নির্ধারকদের সচেতন করা, যাতে বিনিয়োগকৃত অর্থের সুষ্ঠু ব্যবহার সম্ভব হয়। এছাড়া বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা নিশ্চিত করা, বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট পক্ষের মধ্যে তথ্য বিনিময়সহ সার্বিক সমন্বয়ে সহযোগিতা করবে এই প্লাটফর্ম। তিনি বলেন, এসডিজি বাস্তবায়ন প্রক্রিয়ায় দেশের একজন মানুষও যাতে পিছিয়ে না পড়ে, তা মনিটরিং করার উদ্দেশ্যে এই প্লাটফর্ম গঠন করা হচ্ছে। দেবপ্রিয় বলেন, এসডিজি অর্জনে সরকারকে সহায়তা করতে আমরা একটি নাগরিক উদ্যোগ গ্রহণ করেছি। আমরা সরকারের সহায়ক শক্তি হিসেবে কাজ করব। সরকারকে প্রয়োজনীয় সহায়তা দেব এবং দুর্বলতার সমালোচনা করব।

সংবাদ সম্মেলনে টিআইবি চেয়ারপার্সন সুলতানা কামাল বলেন,

দেশে যে সুশাসনের অভাব রয়েছে, তা তুলে ধরার জন্য এই প্লাটফর্ম একটি বড় সুযোগ। তিনি বলেন, সুশাসনের অভাবে দেশে দুর্নীতি বাড়ায় আর মানবাধিকার লঙ্ঘন করে রাষ্ট্র পরিচালিত হওয়ায় নাগরিক মৌলিক অধিকার সঙ্কুচিত

হয়। একটি দেশের উন্নয়ন শুধু প্রবৃদ্ধি দিয়ে বিচার করা যায় না। এ অবস্থায় রাষ্ট্র ও জনগণ এক সঙ্গে কাজ করতে এই প্লাটফর্ম গঠন করা হয়েছে। শাহীন আনাম, আসিফ ইব্রাহিম, ইফতেখারুজ্জামান ও সংবাদ সম্মেলনে বক্তব্য দেন। উপস্থিত ছিলেন রাশেদা কে চৌধুরী ও মোস্তাফিজুর রহমান।

সংবাদ সম্মেলনে আরও জানানো হয়, এজেন্ডা ২০৩০ বাস্তবায়নের ব্যাপকতার দিকটি বিবেচনা করলে এটি নিশ্চিতভাবেই বলা যায়, এ প্রক্রিয়ায় সরকারের পাশাপাশি বেসরকারী প্রতিষ্ঠান, সংস্থা এবং নাগরিক সমাজের যথাযথ অংশগ্রহণ অত্যন্ত জরুরী। এছাড়া বাংলাদেশে এসডিজি বাস্তবায়নের অগ্রগতি ও মাত্রা পর্যবেক্ষণ করা প্রয়োজন। বাস্তবায়নের ক্ষেত্রে সম্ভাব্য চ্যালেঞ্জগুলোর বিষয়ে নীতিনির্ধারকদের সচেতন করে এ লক্ষ্যে বিনিয়োগ করা অর্থের সুষ্ঠু ব্যবহার সম্ভব হয়, বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা নিশ্চিত করা এবং এসডিজি বাস্তবায়নকারী সব প্রতিষ্ঠান ও স্বার্থসংশ্লিষ্ট পক্ষের মধ্যে তথ্য বিনিময় সহ-সার্বিক সমন্বয় সাধনে সহায়তা করা। এসডিজি অর্জনের সুফল দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর কাছে যাতে পৌঁছে তা নিশ্চিত করতেও এ প্লাটফর্ম সক্রিয় হবে বলে জানানো হয়েছে।

**সরকারের সহায়ক
শক্তি হয়ে কাজ
করবে ॥
আত্মপ্রকাশ
অনুষ্ঠানে ড.
দেবপ্রিয়**

এসডিজি বাস্তবায়নে নাগরিক

প্লাটফর্মের যাত্রা শুরু

দেশের মূল সমস্যা

সুশাসনের অভাব

যুগান্তর রিপোর্ট

দেশের মূল সমস্যা সুশাসনের অভাব। যেনতেনভাবে অস্তিত্ব টিকিয়ে রাখতে হবে— এমন ধারণা থেকেই রাষ্ট্র আইন হাতে তুলে নিচ্ছে। একটি আধুনিক প্রগতিশীল রাষ্ট্রে এটি কারও কামা নয়। সুশাসনের অভাবে দেশে দুর্নীতি বাড়ায় এবং মানবাধিকার লংঘন করে রাষ্ট্র পরিচালিত হওয়ায় নাগরিকদের মৌলিক অধিকার সংকুচিত হচ্ছে।

শনিবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে নাগরিক প্লাটফর্মের যাত্রা উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তারা

■ পৃষ্ঠা ১৯ : কলাম ৫

দেশের মূল সমস্যা সুশাসনের অভাব

(শেষ পৃষ্ঠার পর)

এসব কথা বলেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাবেক তত্ত্বাবধায়ক দরকারের উপদেষ্টা অ্যাডভোকেট সুলতানা কামাল, রাশেদা কে চৌধুরী, বেসরকারি গবেষণা সংস্থা সিপিডির সম্মানিত ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য, টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান, ব্র্যাকের সহ-সভাপতি ড. মোস্তাক রাজা চৌধুরী, মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহিন আনাম প্রমুখ। অনুষ্ঠানে এসডিজি বাস্তবায়নে নাগরিক প্লাটফর্ম নামে একটি সংগঠনের ঘোষণা দেয়া হয়।

সুলতানা কামাল বলেন, সুশাসনের অভাবেই সাম্প্রতিক সময়ের হত্যাকাণ্ড হচ্ছে। একের পর এক মানবাধিকার লংঘন হচ্ছে। তিনি বলেন, যেনতেনভাবে নিজের অস্তিত্ব রক্ষা করতে হবে, এটি কারও কামা হতে পারে না। সুলতানা কামাল আরও বলেন, রাষ্ট্র নিজেই আইন হাতে তুলে নিচ্ছে। একটি আধুনিক রাষ্ট্রে এটি গ্রহণযোগ্য নয়। এ কারণেই নাগরিক সমাজ হতাশাগ্রস্ত। তিনি বলেন, একটি প্রগতিশীল রাষ্ট্রে সুশাসনের অভাব কারও কামা নয়। তিনি আরও বলেন, একটি দেশের উন্নয়ন মাপকাঠি শুধু প্রবৃদ্ধি বাড়ানো নয়। সামগ্রিকভাবে নাগরিকের জীবনযাত্রার মান উন্নয়ন দরকার। প্রতিটি নাগরিকের নিরাপত্তা ও ন্যায্যবিচার পাওয়ার অধিকার রয়েছে। এক্ষেত্রে নাগরিককে মনে করতে হবে, তার ধরনের নিরাপত্তায় রাষ্ট্র তার পাশে রয়েছে। সুশাসনের মাধ্যমে এটি নিশ্চিত করতে হবে।

শাহিনা আনাম বলেন, দেশে মানবাধিকার লংঘনের ঘটনা ঘেঁষাঘেঁষা বাড়ছে, তার বিরুদ্ধে ওইভাবে বলিষ্ঠ কঠোর আসছে না। তিনি বলেন, সুশাসনের অভাবে মানবাধিকার লংঘনের ঘটনা বাড়ছে। এক্ষেত্রে নাগরিক সমাজকে আরও ভূমিকা রাখতে হবে।

অনুষ্ঠানে এসডিজি বাস্তবায়নে ৫ বছরের জন্য নাগরিক প্লাটফর্ম গঠিত হয়। ড. দেবপ্রিয় ভট্টাচার্যকে আহ্বায়ক করে ১০ সদস্যের কমিটিতে রয়েছেন অ্যাডভোকেট সুলতানা কামাল, রাশেদা কে চৌধুরী, শাহিনা আনাম, ড. মোস্তাক রাজা চৌধুরী, ড. ইফতেখারুজ্জামান, ব্যবসায়ী প্রতিনিধি আসিফ ইব্রাহিম, সৈয়দ নাসিম মঞ্জুর, সিপিডির নির্বাহী পরিচালক ড.

মোস্তাফিজুর রহমান এবং আনিসাতুল ফাতেমা ইউসুফ।

প্লাটফর্মের উপদেষ্টা হিসেবে রয়েছেন ব্র্যাকের চেয়ারম্যান স্যার ফজলে হাসান আবেদ, শিক্ষাবিদ অধ্যাপক আনিসুজ্জামান, অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী, অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ, অধ্যাপক ড. রেহমান সোবহান, অর্থনীতিবিদ ড. ওয়াহিদ উদ্দিন মাহমুদ, এপেক্সের চেয়ারম্যান সৈয়দ মঞ্জুর এলাহী, ড. হামিদা হোসেন, গণমাধ্যম ব্যক্তিত্ব শাইখ সিরাজ, রোকিয়া আফজাল রহমান, মোস্তফা মনোয়ার, শ্রীমতি সাহা এবং রাজা দেবশীষ রায়। এছাড়াও প্রায় ৩০টি বেসরকারি সংস্থা প্লাটফর্মের সঙ্গে কাজ করবে।

এসডিজি নিয়ে ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, ২০১৫ সালে জাতিসংঘ সাধারণ পরিষদের ৭০তম অধিবেশনে সব সদস্য রাষ্ট্রের সম্মতিতে এসডিজির কর্মসূচি গৃহীত হয়। কর্মসূচির আওতায় ২০৩০ সালের মধ্যে ১৭টি লক্ষ্য এবং ১৬৯টি অসীম বাস্তবায়নের সিদ্ধান্ত নেয়া হয়। তিনি বলেন, কর্মসূচির মূল কথা হল, বিশ্বের সব মানুষের উন্নত জীবনযাপনের একটি আকাঙ্ক্ষা।

আর জাতিসংঘের অধিবেশনে পাস হওয়ার অর্থ হল, আকাঙ্ক্ষাটি প্রাতিষ্ঠানিক রূপ পেয়েছে। তিনি বলেন, এসডিজির কর্মসূচিগুলোর বৈশিষ্ট্য হল ৫টি। সার্বজনীন, পরস্পর সংশ্লিষ্ট, রূপান্তরমুখী, অন্তর্ভুক্তিমূলক এবং বৈশ্বিক এজেন্ডা নিজ দেশের বৈশিষ্ট্যের আলোকে বাস্তবায়ন করতে হবে।

তিনি আরও বলেন, বাংলাদেশে আমরা তিনটি বিষয়কে বেশি গুরুত্ব দিচ্ছি। এগুলো হল— সুশাসন, মানবাধিকার এবং আইনের শাসন। দেবপ্রিয় বলেন, এ ফোরামের কাজ হবে সরকারি পর্যায়ে নীতি ও পরামর্শ সভার আয়োজন, নীতিনির্ধারণকদের প্রভাবিত করা, তদারকি এবং স্বচ্ছতা ও সামাজিক জবাবহিদিতার কাজ করা। এছাড়াও সংগঠনটি যেসব কাজ করবে এর মধ্যে রয়েছে বাংলাদেশে এসডিজি বাস্তবায়নের অগ্রগতি ও মাত্রা পর্যবেক্ষণ করা, বাস্তবায়নের ক্ষেত্রে সম্ভাব্য চ্যালেঞ্জগুলোর ব্যাপারে নীতিনির্ধারণকদের সচেতন করা এবং বাস্তবায়নকারী সব পক্ষের মধ্যে তথ্য বিনিময় ও সার্বিক সহায়তা প্রদান।

সুলতানা কামাল বললেন

রাষ্ট্র নিজের হাতে আইন তুলে নিচ্ছে

নিজস্ব প্রতিবেদক >

তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা অ্যাডভোকেট সুলতানা কামাল বলেছেন, 'হতাশা থেকেই দেখতে পাচ্ছি, রাষ্ট্র নিজের হাতে আইন তুলে নিচ্ছে। কোনো কিছুর তোয়াক্কা করছে না। কোনো সমস্যা সমাধানের জন্য শর্টকাট পথ খুঁজছে। অন্যদিকে মানুষ মানুষকে পিটিয়ে মেরে ফেলছে, ফতোয়ার মাধ্যমে অমানবিক কার্যক্রমকে সমর্থন দিচ্ছে।'

রাজধানীর সিরডাপ মিলনায়তনে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসজিডি) বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম বাংলাদেশ সংগঠনের আত্মপ্রকাশ উপলক্ষে আয়োজিত সেমিনারে গতকাল শনিবার এসব কথা বলেন সুলতানা কামাল। সেন্টার ফর পলিসি

▶▶ পৃষ্ঠা ৮ ক. ৬

রাষ্ট্র নিজের হাতে

▶▶ প্রথম পৃষ্ঠার পর

ডায়ালগ এ সেমিনারের আয়োজন করে।

দেশের বর্তমান আইনশৃঙ্খলা পরিস্থিতির সমালোচনা করে সুলতানা কামাল বলেন, 'যেকোনো দেশের সুশাসন ঠিক না থাকলে মানবাধিকার যেমন লঙ্ঘিত হয়, তেমনি মানুষের জীবনও অনিরাপদ হয়ে পড়ে। এ জন্য এসজিডির লক্ষ্যের ১৬ অধ্যায়ের ওপরই গুরুত্ব দিতে হবে। অন্যথায় এসডিজি বাস্তবায়ন করতে গেলে মানুষের মধ্যে হতাশা তৈরি হবে।'

সুলতানা কামাল বলেন, 'বর্তমানে সবচেয়ে বড় উদ্বেগের বিষয় সুশাসনের অভাব। এর ফলে সমাজে মানুষের মধ্যে হতাশা বাড়ছে। একটি দেশের উন্নয়ন শুধু দেশের প্রবৃদ্ধি দিয়ে বিচার করা যায় না। মানুষ কতটা নিরাপদ, ন্যায়বিচার পাচ্ছে কি না, সমতা ও অধিকার এ বিষয়গুলোও দেখতে হবে।'

সুলতানা কামাল বলেন, 'মানুষ আমাদের বলছে, ক্রসফায়ার হওয়ার পরে আপনারা কথা বলছেন কেন? যাদের ক্রসফায়ারে দেওয়া হচ্ছে, তারা তো অন্যের মানবাধিকার লঙ্ঘন করেছে। অতএব তাদের মানবাধিকার নেই। এই যে একটা বোধ সমাজে চলে এসেছে, এর ফলে যেনতেনভাবে নিজের অস্তিত্ব রক্ষা করতে বিভিন্ন ধরনের সংকটের সৃষ্টি হচ্ছে।'

টেকসই উন্নয়নে স্বচ্ছতা দেখতে নাগরিক প্ল্যাটফর্ম

স্টাফ রিপোর্টার, ঢাকা অফিস:
উন্নয়নের টেকসই লক্ষ্যমাত্রা
(এসডিজি) বাস্তবায়ন প্রক্রিয়ায়
স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা
নিশ্চিতের প্রতিশ্রুতি নিয়ে
আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করেছে
একটি নাগরিক প্ল্যাটফর্ম। গতকাল
শনিবার আত্মপ্রকাশ করা এই
প্ল্যাটফর্মের আহ্বায়ক ও সমন্বয়কের
দুটি পদেই রয়েছেন সেন্টার ফর
পলিসি ডায়ালগের (সিপিডি) দুই
কর্মকর্তা দেবপ্রিয় ভট্টাচার্য্য ও
আনিসাতুল (১১ পৃঃ ৪ কঃ দ্রঃ)

টেকসই উন্নয়নে স্বচ্ছতা দেখতে (শেষ পাতার পর)

ফাতেমা ইউসুফ। নাগরিক সমাজ থেকে আট ব্যক্তিকে নিয়ে এই প্ল্যাটফর্মের
'কোর গ্রুপ' করা হয়েছে। ১৩ জনকে নিয়ে করা হয়েছে উপদেষ্টা পরিষদ।
'কোর গ্রুপে' থাকছেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক দুই উপদেষ্টা সুলতানা
কামাল ও রাশেদা কে চৌধুরী, মানুষের জন্য ফাউন্ডেশনের চেয়ারম্যান শাহীন
আনাম, টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান, মেট্রোপলিটান
চেম্বারের সাবেক সভাপতি সৈয়দ নাসিম মঞ্জুর, ঢাকা চেম্বারের সাবেক
সভাপতি আসিফ ইব্রাহিম, মোস্তাক রাজা চৌধুরী, সিপিডির নির্বাহী পরিচালক
মোস্তাফিজুর রহমান। উপদেষ্টা পরিষদে থাকছেন অধ্যাপক রেহমান
সোবহান, অধ্যাপক আনিসুজ্জামান, ফজলে হাসান আবেদ, জামিলুর রেজা
চৌধুরী, সৈয়দ মঞ্জুর এলাহী, ড. হামিদা হোসেন, ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ,
মুস্তফা মনোয়ার, রোকেয়া আফজাল রহমান, রাজা দেবাশীষ রায়, শ্রীমতি
সাহা, অধ্যাপক আব্দুল্লাহ আবু সায়ীদ ও শাইখ সিরাজ। এছাড়া ২৬টি
বেসরকারি সংস্থা এ প্ল্যাটফর্মে সহযোগী হিসেবে কাজ করবে, যার সচিবালয়
হবে সিপিডি। এর মধ্যে রয়েছে অ্যাকশন এইড বাংলাদেশ, বাংলাদেশ
আদিবাসী ফোরাম, ঢাকা আহছানিয়া মিশন, আইন ও সালিশ কেন্দ্র,
বাংলাদেশ এনভায়রনমেন্টাল ল'ইয়ার অ্যাসোসিয়েশন (বেলা), বাংলাদেশ
মহিলা পরিষদ, কেয়ার বাংলাদেশ, নিজেরা করি, অক্সফাম বাংলাদেশ।
রাজধানীর সিরডাপ মিলনায়তনে শনিবার এক সংবাদ সম্মেলনে নতুন
প্ল্যাটফর্ম গঠনের ঘোষণা দিয়ে দেবপ্রিয় বলেন, ২০১৫ সালে জাতিসংঘ
ঘোষিত এসডিজি বাস্তবায়নের মধ্য দিয়ে দেশে সুশাসন, মানবাধিকার ও
আইনের শাসন প্রতিষ্ঠিত করতে সরকারকে সহযোগিতা করবে এ প্ল্যাটফর্ম।
এ প্ল্যাটফর্মের লক্ষ্য হল এসডিজি বাস্তবায়নের অগ্রগতি ও মাত্রা পর্যবেক্ষণ,
চ্যালেঞ্জগুলোর বিষয়ে নীতি-নির্ধারকদের সচেতন করা, যাতে বিনিয়োগ করা
অর্থের সুষ্ঠু ব্যবহার সম্ভব হয়।

এছাড়া বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা নিশ্চিত করা,
বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট পক্ষের মধ্যে তথ্য বিনিময়সহ সার্বিক
সমন্বয় করতে সহযোগিতা করবে এই প্ল্যাটফর্ম। এসডিজি বাস্তবায়ন প্রক্রিয়ায়
দেশের একজন মানুষও যাতে পিছিয়ে না পড়ে, তা মনিটরিং করার উদ্দেশ্যে
এই প্ল্যাটফর্ম গঠন করা হচ্ছে, বলেন সিপিডির সম্মানীয় ফেলো দেবপ্রিয়।
সংবাদ সম্মেলনে টিআইবি চেয়ারপারসন সুলতানা কামাল বলেন, দেশে যে
সুশাসনের অভাব রয়েছে, তা তুলে ধরার জন্য এই প্ল্যাটফর্ম একটি বড়
সুযোগ। সুশাসনের অভাবে দেশে দুর্নীতি বাড়ায় আর মানবাধিকার-লঙ্ঘন করে
রাষ্ট্র পরিচালিত হওয়ায় নাগরিক মৌলিক অধিকার সঙ্কুচিত হয়। এ অবস্থায়
রাষ্ট্র ও জনগণ এক সাথে কাজ করতে এই প্ল্যাটফর্ম গঠন করা হয়েছে। শাহীন
আনাম, আসিফ ইব্রাহিম, ইফতেখারুজ্জামান ও সংবাদ সম্মেলনে বক্তব্য দেন।
উপস্থিত ছিলেন রাশেদা কে চৌধুরী ও মোস্তাফিজুর রহমান।



টেকসই উন্নয়নে 'নাগরিক প্ল্যাটফর্ম'

অর্থনৈতিক রিপোর্টার: জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক

পৃষ্ঠা ৫ কলাম ৪

টেকসই উন্নয়নে 'নাগরিক প্ল্যাটফর্ম'

শেষ পৃষ্ঠার পর জবাবদিহিতা নিশ্চিতের প্রতিশ্রুতি নিয়ে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করেছে একটি নাগরিক প্ল্যাটফর্ম। যার নাম দেয়া হয়েছে 'এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ'। গতকাল রাজধানীর সিরচাপ মিলনায়তনে এটির আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। এ উপলক্ষে আয়োজিত ব্রিফিংয়ে বক্তৃতা দেন বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মানীয় ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা রাশেদা কে চৌধুরী, সুলতানা কামাল, টিআইবি'র প্রধান নির্বাহী কর্মকর্তা ইফতেখারুজ্জামান, ব্র্যাকের কর্মকর্তা মুস্তাক রাজা চৌধুরী প্রমুখ। আত্মপ্রকাশ করা এই প্ল্যাটফর্মের আহ্বায়ক ও সমন্বয়কের দুটি পদেই রয়েছেন সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) দুই কর্মকর্তা দেবপ্রিয় ভট্টাচার্য ও অনিসাতুল ফাতেমা ইউসুফ। নাগরিক সমাজ থেকে ৮ ব্যক্তিকে নিয়ে এই প্ল্যাটফর্মের 'কোর গ্রুপ' গঠন করা হয়েছে। ১৩ জনকে নিয়ে করা হইয়েছে উপদেষ্টা পরিষদ। কোর গ্রুপে থাকছেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক দুই উপদেষ্টা সুলতানা কামাল ও রাশেদা কে চৌধুরী, মানুষের জন্য ফাউন্ডেশনের চেয়ারম্যান শাহীন আনাম, টিআইবি'র নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান, মেট্রোপলিটন চেম্বারের সাবেক সভাপতি সৈয়দ নাসিম মঞ্জুর, ঢাকা চেম্বারের সাবেক সভাপতি আসিফ ইব্রাহিম, মোস্তাক রাজা চৌধুরী, সিপিডি'র নির্বাহী পরিচালক মোস্তাফিজুর রহমান। উপদেষ্টা পরিষদে থাকছেন অধ্যাপক রেহমান সোবহান, অধ্যাপক আনিসুজ্জামান, ফজলে হাসান আবেদ, জামিলুর রেজা চৌধুরী, সৈয়দ মঞ্জুর এলাহী, ড. হামিদা হোসেন, ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ, মুস্তফা মনোয়ার, রোকেয়া আফজাল রহমান, রাজা দেবাশীষ রায়, শ্রীমতি সাহা, অধ্যাপক

আবদুল্লাহ আবু সায়ীদ ও শাইখ সিরাজ। এছাড়া ২৬টি বেসরকারি সংস্থা এ প্ল্যাটফর্মে সহযোগী হিসেবে কাজ করবে, যার সচিবালয় হবে সিপিডি। এর মধ্যে রয়েছে আ্যকশন এইড বাংলাদেশ, বাংলাদেশ আদিবাসী ফোরাম, ঢাকা অহুর্ডানিয়া মিশন, আইন ও সালিশ কেন্দ্র, বাংলাদেশ এনভায়রনমেন্টাল ল'ইয়ার অ্যাসোসিয়েশন (বেলা), বাংলাদেশ মহিলা পরিষদ, কেয়ার বাংলাদেশ, নিজেরা করি, অক্সফাম বাংলাদেশ, নতুন প্র্যাটফর্ম গঠনের ঘোষণা দিয়ে দেবপ্রিয় বলেন, ২০১৫ সালে জাতিসংঘ ঘোষিত এসডিজি বাস্তবায়নের মধ্য দিয়ে দেশে সুশাসন, মানবাধিকার ও আইনের শাসন প্রতিষ্ঠিত করতে সরকারকে সহযোগিতা করবে এ প্ল্যাটফর্ম। এ প্ল্যাটফর্মের লক্ষ্য হলো এসডিজি বাস্তবায়নের অগ্রগতি ও মাত্রা সমন্বয়, চ্যালেঞ্জগুলোর বিষয়ে নীতিনির্ধারণকরে সচেতন করা, যাতে বিনিয়োগ করা অর্থের সুষ্ঠু ব্যবহার সম্ভব হয়। এছাড়া বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা নিশ্চিত করা, বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট পক্ষের মধ্যে তথ্য বিনিময়সহ সার্বিক সমন্বয় করতে সহযোগিতা করবে এই প্ল্যাটফর্ম। এসডিজি বাস্তবায়ন প্রক্রিয়ায় দেশের একজন মানুষও যাতে পিছিয়ে না পড়ে, তা মনিটরিং করার উদ্দেশ্যে এই প্র্যাটফর্ম গঠন করা হচ্ছে বলে জানান দেবপ্রিয়। টিআইবি চেয়ারপারসন সুলতানা কামাল বলেন, দেশে যে সুশাসনের অভাব রয়েছে, তা তুলে ধরার জন্য এই প্র্যাটফর্ম একটি বড় সুযোগ। সুশাসনের অভাবে দেশে দুর্নীতি বাড়ছে। একই সঙ্গে মানবাধিকার লঙ্ঘন করে রাষ্ট্র পরিচালিত হওয়ায় নাগরিকদের মৌলিক অধিকার সঙ্কুচিত হচ্ছে। এ অবস্থায় রাষ্ট্র ও জনগণ এক সঙ্গে কাজ করতে এই প্র্যাটফর্ম গঠন করা হয়েছে। সুলতানা কামাল বলেন, হতাশা থেকে আমরা দেখতে পাচ্ছি, রাষ্ট্র নিজের হাতে আইন তুলে নিচ্ছে। কোনো কিছুই গোয়াল্লা করছে না।

কোনো সমস্যা সমাধান করতে গেলে ছোটখাটো পথ খুঁজতে। অন্যদিকে মানুষ মানুষকে পিটিয়ে মেতে ফেলাছে, ফতোয়ার মাধ্যমে অমানবিক কার্যক্রমকে সমর্থন দিচ্ছে। সুলতানা কামাল বলেন, মানুষ আমাদের বলছে ক্রসফায়ার হওয়ার পরে আপনারা কথা বলছেন কেন? যাদের ক্রসফায়ারে দেয়া হচ্ছে, তারা অনের মানবাধিকার লঙ্ঘন করেছে। অতএব তাদের মানবাধিকার নেই। এই যে একটা বোধ সমাজে চলে আসে, যেনতেনভাবে নিজের অস্তিত্ব রক্ষা করতে হবে, এটা কোনো আধুনিক, গণতান্ত্রিক, সুশাসনসম্পন্ন রাষ্ট্রের লক্ষ্য নয়। ব্রিফিংয়ে জানানো হয়, এজেন্ডা ২০৩০ বাস্তবায়নের ব্যাপকতার দিকটি বিবেচনা করলে এটি নিশ্চিতভাবেই বলা যায়, এ প্রক্রিয়ায় সরকারের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠান, সংস্থা এবং নাগরিক সমাজের যথাযথ অংশগ্রহণ অত্যন্ত জরুরি। রূপান্তরমুখী এবং অস্তর্ভূমিকালক এ লক্ষ্যগুলোর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশের নাগরিক সমাজের সম্মানিত ব্যক্তিবর্গের উদ্যোগে একটি প্র্যাটফর্ম গঠনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ প্র্যাটফর্মের মূল লক্ষ্য হবে এসডিজি বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে সরকারের পাশাপাশি সক্রিয় ভূমিকা রাখা এবং এ প্রক্রিয়ার জবাবদিহিতা নিশ্চিত করা। এসডিজিতে নিহিত লক্ষ্যমাত্রা অর্জনগুলোর অগ্রগতি নির্ধারণে বিশ্লেষণধর্মী মতামত প্রস্তুত করা, এ লক্ষ্যমাত্রাগুলোর জন্য যথাযথ গুণগত ও পরিমাণগত সূচক নির্দিষ্ট করা, এসডিজির লক্ষ্য ও অর্জনের সঙ্গে দেশের জাতীয় উন্নয়ন পরিকল্পনামুহুরে সমন্বয় করা এবং এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে সরকার গৃহীত বিভিন্ন নতুন নীতি, কর্মসূচি বা সংস্কার কার্যক্রমের যথাযথতা ও কার্যকারিতা বিশ্লেষণ এবং সমগ্র প্রক্রিয়াটির পরিবীক্ষণ ও জবাবদিহিতা নিশ্চিত করা।

এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম গঠন

অর্থনৈতিক প্রতিবেদক

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা নিশ্চিতের প্রতিশ্রুতি দিয়ে আনুষ্ঠানিকভাবে গঠন করা করলো 'এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম'। এটি এসডিজি বাস্তবায়নকারি প্রতিষ্ঠান ও সংশ্লিষ্টদের মধ্যে তথ্য বিনিময়সহ সার্বিক সমন্বয় করতে সহযোগিতা করা হবে। এর সচিবালয়ের দায়িত্ব পালন করবে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়লাগ (সিপিডি)।

গতকাল রাজধানীর সিরাদাপ মিলনায়নে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়। প্ল্যাটফর্মের আহ্বায়ক হলেন সিপিডির সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সিপিডির নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান, টিআইবির চেয়ারপার্সন অ্যাডভোকেট সুলতানা কামাল, নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা রাশেদা কে চৌধুরী, মানুষের জন্য ফাউন্ডেশনের

চেয়ারম্যান শাহীন আনাম, ঢাকা চেম্বারের সাবেক সভাপতি আসিফ ইব্রাহিমসহ অন্যরা।

ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, এই প্ল্যাটফর্মের সমন্বয়ক করা হয়েছে সিপিডির পরিচালক আনিসাতুল ফাতেমা ইউসুফকে। দেশের আট বিশিষ্ট ব্যক্তিকে কোর গ্রুপ সদস্য এবং ১৩ বিশিষ্টজনকে নিয়ে উপদেষ্টা পরিষদ গঠন করা হয়েছে। এছাড়া ২৬ বেসরকারি সংস্থাকে এই প্ল্যাটফর্মের সহযোগী প্রতিষ্ঠান হিসেবে কাজ করবে। তিনি বলেন, ২০১৫ সালে জাতিসংঘ কর্তৃক অনুমোদিত এসডিজি বাস্তবায়নের মধ্য দিয়ে দেশে সুশাসন মানবাধিকার ও আইনের শাসন প্রতিষ্ঠিত করতে সরকারকে সহযোগিতা করবে এই প্ল্যাটফর্ম।

অ্যাডভোকেট সুলতানা কামাল বলেন, সুশাসনের অভাব দেশে দুর্নীতি বাড়ায় আর মানবাধিকার লঙ্ঘন করে রাষ্ট্র পরিচালিত হলে নাগরিক মৌলিক অধিকার সংকুচিত হয়। এমতাবস্থায় রাষ্ট্র ও জনগণকে এক সঙ্গে কাজ করার জন্য এই প্ল্যাটফর্ম গঠন করা হয়েছে।

এসডিজি প্ল্যাটফর্মের যাত্রা শুরু রাষ্ট্র আইন নিজের হাতে তুলে নিচ্ছে সুলতানা কামাল

● অর্থনৈতিক প্রতিবেদক

দেশে সুশাসনের অভাব নিচে রীতিমতো 'উদ্বিগ্ন, হতাশ ও ক্ষুব্ধ' বলে জানিয়েছেন ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশে (টিআইবি) সভাপতি সুলতানা কামাল। তিনি বলেছেন, সুশাসনের অভাব থাকলে পদে পদে মানবাধিকার লঙ্ঘন হয়। তিনি অভিযোগ করেছেন, রাষ্ট্র কোনো কিছুর তোয়াক্কা না করে আইন নিজের হাতে তুলে নিচ্ছে।

গতকাল জাতিসঙ্ঘের 'টেকসই উন্নয়ন' লক্ষ্য (এসডিজি) বাস্তবায়নে নাগরিক ■ ২য় পৃ: ৬-এর কলামে



সিরডাপ মিলনায়তনে গতকাল এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ শীর্ষক মিডিয়া ব্রিফিংয়ের আয়োজন করা হয় ■ নয়া দিগন্ত

রাষ্ট্র আইন নিজের

১ম পৃষ্ঠার পর

প্ল্যাটফর্ম বাংলাদেশ' নামে একটি উদ্যোগের আত্মপ্রকাশ নিয়ে প্রেস ব্রিফিংয়ে সুলতানা কামাল এসব কথা বলেন। রাজধানীর সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠানটি হয়।

সুলতানা কামাল বলেন, 'মানুষ আমাদের বলছে, ক্রসফায়ার হওয়ার পরে আপনারা কথা বলছেন কেন? যাদের ক্রসফায়ারে দেয়া হচ্ছে, তারা অনের মানবাধিকার লঙ্ঘন করেছে। অতএব তাদের মানবাধিকার নেই। এই যে একটা বোধ সমাজে চলে আসে, যেনতেনভাবে নিজের অস্তিত্ব রক্ষা করতে হবে, এটা কোনো আধুনিক, গণতান্ত্রিক, সুশাসনসম্পন্ন রাষ্ট্রের লক্ষ নয়।'

সুশাসনের অভাবের একপর্যায়ে সমাজে হতাশা তৈরি হয় উল্লেখ করে সুলতানা কামাল আরো বলেন, 'হতাশা থেকে আমরা দেখতে পাচ্ছি, রাষ্ট্র নিজের হাতে আইন তুলে নিচ্ছে। কোনো কিছুর তোয়াক্কা করছে না। কোনো সমস্যা সমাধান করতে গেলে ছোটখাটো পথ খুঁজছে। অন্য দিকে মানুষ মানুষকে পিটিয়ে মেরে ফেলছে, ফতোরার মাধ্যমে অমানবিক কার্যক্রমে সমর্থন দিচ্ছে।'

'টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ' দেশের বিশিষ্ট নাগরিক ও বেসরকারি সংস্থার উদ্যোগে গঠিত একটি মঞ্চ। এটি জাতিসঙ্ঘ ঘোষিত এসডিজি বাস্তবায়নে কাজ করবে। এর আস্থায়িক সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) বিশেষ ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য।

অনুষ্ঠানে দেবপ্রিয় বলেন, 'এসডিজির পাঁচটা বৈশিষ্ট্য আছে। এবার এসডিজির অর্জন হচ্ছে অন্তর্ভুক্তিমূলক। এসডিজিকে সমন্বিতভাবে দেখতে হবে যেমন শিক্ষা, স্বাস্থ্য ও দেশীয় প্রেক্ষাপট বাস্তবায়ন। পেশাজীবীদের সচেতনতা বাড়তে হবে। বাংলাদেশের একটি মানুষকেও পেছনে ফেলা যাবে না।'

মানুষের জন্য ফাউন্ডেশনের শাহিন আনাম বলেন, দেশে মানবাধিকার লঙ্ঘন হচ্ছে। এ বিষয়ে দেশের নাগরিক সমাজ সোজার হচ্ছে না।

নাগরিক সমাজ থেকে আট ব্যক্তিকে নিয়ে এই প্ল্যাটফর্মের 'কোর গ্রুপ' করা হয়েছে। ১৩ জনকে নিয়ে করা হয়েছে উপদেষ্টা পরিষদ।

'কোর গ্রুপে' থাকছেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক দুই উপদেষ্টা সুলতানা কামাল ও রাশেদা কে চৌধুরী, মানুষের জন্য ফাউন্ডেশনের চেয়ারম্যান শাহীন আনাম, টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান, মেট্রোপলিটান চেম্বরের সাবেক সভাপতি সৈয়দ নাসিম মঞ্জুর, ঢাকা চেম্বরের সাবেক সভাপতি আশিফ ইব্রাহিম, মোস্তাক রাজা চৌধুরী, সিপিডির নির্বাহী পরিচালক মোস্তাফিজুর রহমান।

উপদেষ্টা পরিষদে থাকছেন অধ্যাপক রেহমান সোবহান, অধ্যাপক আনিসুজ্জামান, ফজলে হাসান আবেদ, জামিলুর রেজা চৌধুরী, সৈয়দ মঞ্জুর এলাহী, ড. হামিদা হোসেন, ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ, মুস্তাফা মনোয়ার, রোকেয়া আফজাল রহমান, রাজা দেবশীষ রায়, শ্রীমতি সাহা, অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ ও শাইখ সিরাজ।

এ ছাড়া ২৬টি বেসরকারি সংস্থা এ প্ল্যাটফর্মের সহযোগী হিসেবে কাজ করবে, যার সচিবালয় হবে সিপিডি।

এর মধ্যে রয়েছে অ্যাকশন এইড বাংলাদেশ, বাংলাদেশ আদিবাসী ফোরাম, ঢাকা আহছানিয়া মিশন, আইন ও সালিসি কেন্দ্র বাংলাদেশ, এনডায়ারনমেন্টাল ল'ইয়ার অ্যাসোসিয়েশন (বেলা), বাংলাদেশ মহিলা পরিষদ, কেয়ার বাংলাদেশ, নিজেরা করি ও অক্সফাম বাংলাদেশ।

সুশাসনের ঘাটতি এখন বড় উদ্বোধনের বিষয়

নিজস্ব প্রতিবেদক

দেশে এখন সবচেয়ে বড় উদ্বোধনের বিষয় সুশাসনের ঘাটতি। সুশাসনের অভাব থাকলে পদে পদে মানবাধিকার লঙ্ঘিত হয়। এভাবে মানবাধিকার লঙ্ঘন হতে থাকলে, মানুষ বন্ধনার শিকার হলে বাংলাদেশ জাতিসংঘ-ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জন করতে পারবে না।

'এসডিজি বাস্তবায়নে নাগরিক প্র্যাটফর্ম, বাংলাদেশ' নামের একটি নতুন উদ্যোগের আত্মপ্রকাশ অনুষ্ঠানে গতকাল শনিবার বজরা এসব কথা বলেন। দেশের কয়েকজন বিশিষ্ট নাগরিক মিলে ওই প্র্যাটফর্ম বা মঞ্চটি গঠন করেছেন। এর কাজ হবে এসডিজি বাস্তবায়নের অগ্রগতি ও মাত্রা পর্যবেক্ষণ, সম্ভাব্য চ্যালেঞ্জের বিষয়ে নীতিনির্ধারণকদের সচেতন করা এবং বাস্তবায়ন প্রক্রিয়ায় সামাজিক জবাবদিহি নিশ্চিত করা। তবে এ উদ্যোগ এসডিজির একটি লক্ষ্যের ওপর বেশি জোর দেবে, সেটি হলো সুশাসন নিশ্চিত করা।

সিরডাপ মিলনায়তনে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে নাগরিক প্র্যাটফর্ম আত্মপ্রকাশ করে। এর আত্মপ্রকাশের দায়িত্ব পালন করবেন বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) বিশেষ ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য।

২০১৫ সালে জাতিসংঘের সাধারণ সম্মেলনে এসডিজি গৃহীত হয়। এতে ২০৩০ সালের মধ্যে ১৭টি লক্ষ্য ও ১৬৯টি অতীষ্ট অর্জনের জন্য দেশগুলো অঙ্গীকার করেছে। এর মধ্যে বাংলাদেশও আছে।

সংবাদ সম্মেলনে দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, 'এসডিজি একটি সর্বজনীন কর্মসূচি। একটি রূপান্তরের কর্মসূচি। একটি সমন্বিত কর্মসূচি। এ বৈশিষ্ট্য আমাদের অনুপ্রাণিত করেছে। এ কারণেই আমরা একত্র হয়েছি।'

নতুন উদ্যোগের উদ্দেশ্য সম্পর্কে তিনি বলেন, 'আমরা বাংলাদেশে এসডিজির বাস্তবায়ন চাই। সরকার যে কাজগুলো করছে, সেগুলোর সঙ্গে গঠনমূলক সহযোগিতা করতে চাই। আবার নজরদারিও করতে চাই। বাস্তবায়নের প্রক্রিয়া যাতে স্বচ্ছ হয়, সম্পদের ব্যবহার যাতে সুষ্ট হয় এবং সেখানে যাতে জবাবদিহি থাকে, সে চেষ্টা আমরা করব।'

নাগরিক প্র্যাটফর্মের 'কোর গ্রুপের' সদস্য আটজন। এ ছাড়া এর ১৩ সদস্যের একটি উপদেষ্টা পরিষদও আছে।

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) সভাপতি সুলতানা কামাল, মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহীন আনাম, সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা রাশেদা কে চৌধুরী, ব্র্যাকের সহসভাপতি মুস্তাক রাজা চৌধুরী, টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান, ব্যবসায়ী আশিফ ইব্রাহিম ও সৈয়দ নাসিম মঞ্জুর এবং সিপিডির নির্বাহী পরিচালক মোস্তাফিজুর রহমান। সমন্বয়ের দায়িত্ব পালন করবেন সিপিডির আনিসাতুল ফাতেমা ইউসুফ।

উপদেষ্টা পরিষদের সদস্যরা হলেন অধ্যাপক রেহমান সোবহান, স্যার ফজলে হাসান আবেদ, অধ্যাপক আনিসুজ্জামান, জামিলুর রেজা চৌধুরী, সৈয়দ মঞ্জুর এলাহী, হামিদা হোসেন, ওয়াহিদউদ্দিন মাহমুদ, মুস্তফা মনোয়ার, রৌকিয়া আফজাল রহমান, রাজা দেবাশিষ রায়, শ্রীমতী সাহা, আবদুল্লাহ আবু সায়ীদ ও শাইখ সিরাজ। ২৬টি বেসরকারি সংস্থা গতকাল পর্যন্ত এ উদ্যোগের সঙ্গে যুক্ত হয়েছে। নাগরিক প্র্যাটফর্মের দাণ্ডিক কার্যক্রম পরিচালিত হবে সিপিডির কার্যালয় থেকে।

সংবাদ সম্মেলনে সুলতানা কামাল বলেন, 'আজকে আমরা যেটি নিয়ে সবচেয়ে উদ্বিগ্ন, কিছুটা দুর্ভাবনার মধ্যে আছি, কখনো কখনো হতাশাগ্রস্ত, সেটি হলো সুশাসনের অভাব। একটি আধুনিক, প্রগতিশীল, গণতান্ত্রিক রাষ্ট্রে সুশাসনের অভাব থাকাটা বাঞ্ছনীয় নয়।'

সুশাসনের অভাব মানুষকে ন্যায় অধিকার থেকে বঞ্চিত করে এবং প্রতি পদে মানবাধিকারের লঙ্ঘন ঘটাতে থাকে বলে উল্লেখ করে সুলতানা কামাল বলেন, 'এরপরে সমাজে এমন এক ধরনের হতাশা তৈরি হয়, যে হতাশা থেকে আমরা দেখতে পাচ্ছি, রাষ্ট্র একদিকে নিজের হাতে আইন তুলে নিচ্ছে, কোনো কিছুর ত্যাগ করাচ্ছে না। কোনো সমস্যা সমাধান করতে গেলে ছোটখাটো পথ খুঁজছে।'

সাধারণ মানুষও আইন নিজের হাতে তুলে নিচ্ছেন বলে উল্লেখ করেন সুলতানা কামাল। তিনি আরও বলেন, 'মানুষ আমাদের বলছে, ক্রসফায়ার হওয়ার পরে আমরা কী কথা বলছেন কেন, যাদের ক্রসফায়ারে দেওয়া হচ্ছে, তারা অন্যের মানবাধিকার লঙ্ঘন করছে। অতএব, তাদের মানবাধিকার নেই। এই যে একটা সংস্কার আসে সমাজে, যেন তখনও 'নিজের অস্তিত্ব রক্ষা করতে হবে' এটা 'নিজের' আধুনিক, গণতান্ত্রিক, সুশাসনসম্পন্ন রাষ্ট্রের লক্ষ্য নয়।'

শ্রীমতী সাহা বলেন, 'আজকে বাংলাদেশের সবচেয়ে বড় সংকট বা হুমকির মধ্যে সুশাসন। সুশাসনের অভাবে মানবাধিকারের লঙ্ঘন হয়। সেটিই আমাদের ঘাটতি।'



'এসডিজি বাস্তবায়নে নাগরিক প্র্যাটফর্ম, বাংলাদেশ'-এর আয়োজনে সিরডাপ মিলনায়তনে গতকাল আয়োজিত সংবাদ সম্মেলনে বক্তব্য দেন সুলতানা কামাল। তাঁর পাশে (বাঁ থেকে) দেবপ্রিয় ভট্টাচার্য, মুস্তাক রাজা চৌধুরী, রাশেদা কে চৌধুরী এবং ইফতেখারুজ্জামান ● ছবি: প্রথম আলো

এসডিজি বাস্তবায়নে নাগরিক প্লাটফর্মের যাত্রা

নিজস্ব বার্তা পরিবেশক

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা নিশ্চিত করার প্রতিশ্রুতি দিয়ে আনুষ্ঠানিক যাত্রা করল 'এসডিজি বাস্তবায়নে নাগরিক প্লাটফর্ম, বাংলাদেশ'। এ সংগঠনটি এসডিজি অর্জনে এজেন্ডা- ২০৩০ বাস্তবায়নে সরকারের সহায়ক শক্তি হিসেবে কাজ করবে। একই সঙ্গে এসডিজি বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট পক্ষের মধ্যে তথ্য বিনিময়সহ সার্বিক এসডিজি : পৃষ্ঠা : ১৫ ক : ১

এসডিজি : বাস্তবায়নে

(১ম পৃষ্ঠার পর)

সমন্বয় করতে সহযোগিতা করবে এই প্র্যাটফর্মটি। এর সচিবালয়ের দায়িত্ব পালন করবে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি)।

গতকাল রাজধানীর সিরডাপ মিলনায়তনে সংবাদ সম্মেলনে নবগঠিত এই জোটের ঘোষণা দেন জোটটির আহ্বায়ক সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য। এই প্র্যাটফর্মের সমন্বয় করা হয়েছে সিপিডির পরিচালক আনিসাতুল ফাতেমা ইউসুফকে। দেশের ৮ জন বিশিষ্ট ব্যক্তিকে কোর গ্রুপ সদস্য এবং ১৩ জন বিশিষ্ট ব্যক্তিকে নিয়ে উপদেষ্টা পরিষদ গঠন করা হয়েছে। এছাড়া ২৬টি বেসরকারি সংস্থা এই প্র্যাটফর্মে সহযোগী প্রতিষ্ঠান হিসেবে কাজ করবে।

এ সময় উপস্থিত ছিলেন জোটের প্রধান উদ্যোক্তা আনিসাতুল ফাতেমা ইউসুফ, মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহীন এনাম, সাবেক উপদেষ্টা সুলতানা কামাল, সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা রাশেদা কে চৌধুরী, টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান, ব্যবসায়ী নেতা আসিফ ইব্রাহিম, সিপিডির নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান প্রমুখ।

সংবাদ সম্মেলনে দেবপ্রিয় বলেন, ২০১৫ সালে জাতিসংঘ কর্তৃক অনুমোদিত এসডিজি বাস্তবায়নের মধ্য দিয়ে দেশে সুশাসন, মানবাধিকার ও আইনের শাসন প্রতিষ্ঠিত করতে সরকারকে সহযোগিতা করবে এ প্র্যাটফর্ম। এসডিজির হটাৎ কৌশলটি আছে। এবার এসডিজির অর্জন হচ্ছে অন্তর্ভুক্তিমূলক। এসডিজিকে সমন্বিতভাবে দেখতে হবে যেমন শিক্ষা, স্বাস্থ্য ও দেশীয় শ্রেণীপট বাস্তবায়ন। পেশাজীবীদের সচেতনতা বাড়াতে হবে। এসডিজি বাস্তবায়ন প্রক্রিয়ায় দেশের একজন মানুষও যাতে পিছিয়ে না পড়ে, তা মনিটরিং করার উদ্দেশ্যে এই প্র্যাটফর্ম গঠন করা হচ্ছে। এসডিজি অর্জনে সরকারকে সহায়তা করতে আমরা একটি নাগরিক উদ্যোগ গ্রহণ করেছি। আমরা সরকারের সহায়ক শক্তি হিসেবে কাজ করব। সরকারকে প্রয়োজনীয় সহায়তা দেব এবং দুর্বলতার সমালোচনা করব।

তিনি বলেন, এ প্র্যাটফর্মের লক্ষ্য হলো এসডিজি বাস্তবায়নের অগ্রগতি ও মাত্রা পর্যবেক্ষণ, চ্যালেঞ্জগুলোর বিষয়ে নীতিনির্ধারণের সচেতন করা, যাতে বিনিয়োগকৃত অর্থে সৃষ্টি ব্যবহার সম্ভব হয়। এছাড়া বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা নিশ্চিত করা, বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট পক্ষের মধ্যে তথ্য বিনিময়সহ সার্বিক সমন্বয় করতে সহযোগিতা করবে এই প্র্যাটফর্ম।

দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) চেয়ারপারসন অ্যাডভোকেট সুলতানা কামাল বলেন, দেশে যে সুশাসনের অভাব রয়েছে তা তুলে ধরার জন্য এই প্র্যাটফর্ম একটি বড় সুযোগ। সুশাসনের অভাব দেশে দুর্নীতি বাড়ায় আর মানবাধিকার লঙ্ঘন করে। এভাবে রাষ্ট্র পরিচালিত হওয়ার মাধ্যমে নাগরিক মৌলিক অধিকার সঙ্কুচিত হয়। এমতাবস্থায় রাষ্ট্র ও জনগণকে একসঙ্গে কাজ করার জন্য এই প্র্যাটফর্ম গঠন করা হয়েছে। দেশে এখন সুশাসনের অভাব ও মানবাধিকার লঙ্ঘন হচ্ছে বলেও মন্তব্য করেন তিনি।

তিনি বলেন, মানুষ আমাদের বলছে, ক্রসফায়ার হওয়ার পরে আপনারা কথা বলছেন কেন? যাদের ক্রসফায়ারে দেয়া হচ্ছে, তারা অন্যের মানবাধিকার লঙ্ঘন করেছে। অতএব তাদের মানবাধিকার নেই। এই যে একটা বোধ সমাজে চলে রয়েছে, যেনোতনভাবে নিজের অস্তিত্ব রক্ষা করতে হবে। এটা কোন আধুনিক, গণতান্ত্রিক, সুশাসনসম্পন্ন রাষ্ট্রের লক্ষ্য নয়। সুশাসনের অভাবের একপর্যায়ে সমাজে হতাশা তৈরি হয়, উল্লেখ করে তিনি বলেন, হতাশা থেকে আমরা দেখতে

পাচ্ছি, রাষ্ট্র নিজের হাতে কোন উত্তোলন নিচ্ছে। কোন কিছু তৈরী হচ্ছে না। কোন সমস্যা সমাধান করতে গেলে ছোটখাটো পথ খুঁজছে। অন্যদিকে মানুষ মানুশকে পিটিয়ে মেরে ফেলছে, ফতোয়ার মাধ্যমে অমানবিক কার্যক্রমকে সমর্থন দিচ্ছে।

প্র্যাটফর্মটির আরেক কোর গ্রুপ সদস্য ও মানুষের জন্য ফাউন্ডেশনের চেয়ারম্যান শাহীন আনাম বলেন, তৃণমূল পর্যায়সহ সবার জন্য সমান সুযোগ তৈরি করে এসডিজি বাস্তবায়ন করতে হবে।

ঢাকা চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের (ডিসিসিআই) সাবেক সভাপতি আসিফ ইব্রাহিম বলেন, কর্মসংস্থানের ক্ষেত্রে বেসরকারি খাত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বাংলাদেশে এসডিজির সঠিক বাস্তবায়ন নিশ্চিত করতে পরিবেশবান্ধব শিল্পায়ন কীভাবে করা যায় তার জন্য উদ্যোগ নিতে হবে। সরকারি-বেসরকারি দুই পক্ষকেই এজন্য সমন্বিত পদক্ষেপ নিতে হবে।

টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান বলেন, সরকারের সহায়ক শক্তি হিসেবে কাজ করার অঙ্গীকার নিয়ে এই প্র্যাটফর্ম তৈরি হচ্ছে। এসডিজির যেসব লক্ষ্যমাত্রা বাস্তবায়নে সমস্যা বা ক্রটি থাকবে তা শুধরানোর জন্য এই প্র্যাটফর্ম সমালোচনা করবে।

সংবাদ সম্মেলনে জানানো হয়, এজেন্ডা ২০৩০ বাস্তবায়নের ব্যাপকতার দিকটি বিবেচনা করলে এটি নিশ্চিতভাবেই বলা যায়, এ প্রক্রিয়ায় সরকারের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠান, সংস্থা এবং নাগরিক সমাজের যথাযথ অংশগ্রহণ অত্যন্ত জরুরি। রূপান্তরমুখী এবং অন্তর্ভুক্তিমূলক এ লক্ষ্যগুলোর সৃষ্টি বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশের নাগরিক সমাজের সম্মানিত ব্যক্তিবর্গের উদ্যোগে একটি প্র্যাটফর্ম গঠনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। 'এসডিজি বাস্তবায়নে নাগরিক প্লাটফর্ম, বাংলাদেশ' শীর্ষক এ প্র্যাটফর্মের মূল লক্ষ্য হবে এসডিজি বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে সরকারের পাশাপাশি সক্রিয় ভূমিকা রাখা এবং এ প্রক্রিয়ায় জবাবদিহিতা নিশ্চিত করা।

গতকাল আত্মপ্রকাশ করা এই প্র্যাটফর্মের আহ্বায়ক ও সমন্বয়কের দুটি দলেই রয়েছেন সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) দুই কর্মকর্তা দেবপ্রিয় ভট্টাচার্য ও আনিসাতুল ফাতেমা ইউসুফ। নাগরিক সমাজ থেকে আট ব্যক্তিকে নিয়ে এই প্র্যাটফর্মের 'কোর গ্রুপ' করা হয়েছে। ১৩ জনকে নিয়ে করা হয়েছে উপদেষ্টা পরিষদ। 'কোর গ্রুপে' থাকছেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক দুই উপদেষ্টা সুলতানা কামাল ও রাশেদা কে চৌধুরী, মানুষের জন্য ফাউন্ডেশনের চেয়ারম্যান শাহীন আনাম, টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান, মেট্রোপলিটান চেম্বারের সাবেক সভাপতি সৈয়দ নাসিম মঞ্জুর, ঢাকা চেম্বারের সাবেক সভাপতি আসিফ ইব্রাহিম, মোস্তাক রাজা চৌধুরী ও সিপিডির নির্বাহী পরিচালক মোস্তাফিজুর রহমান।

উপদেষ্টা পরিষদে থাকছেন অধ্যাপক রেহমান সোবহান, অধ্যাপক আনিসুজ্জামান, ফজলে হাসান আবেদ, জামিলুর রেজা চৌধুরী, সৈয়দ মঞ্জুর এলাহী, ড. হামিদা হোসেন, ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ, মুস্তফা মনোয়ার, রোকিয়া আফজাল রহমান, রাজা দেবশীর্ষ রায়, শ্রীমতি সাহা, অধ্যাপক আব্দুল্লাহ আবু সায়ীদ ও শাইখ সিরাজ।

এছাড়া ২৬টি বেসরকারি সংস্থা এ প্র্যাটফর্মে সহযোগী হিসেবে কাজ করবে, যার সচিবালয় হবে সিপিডি। এর মধ্যে রয়েছে অ্যাকাশন এইড বাংলাদেশ, বাংলাদেশ আদিবাসী ফোরাম, ঢাকা আহছানিয়া মিশন, আইন ও সালিশ কেন্দ্র, বাংলাদেশ এনভায়রনমেন্টাল ল'ইয়ার অ্যাসোসিয়েশন (বেলা), বাংলাদেশ মহিলা পরিষদ, কেয়ার বাংলাদেশ, নিজেরা করি ও অক্সফাম বাংলাদেশ।

দেশে সুশাসনের অভাবে মানবাধিকার লংঘিত হচ্ছে

রাষ্ট্র আইন হাতে তুলে নিচ্ছে

সুলতানা কামাল

স্টাফ রিপোর্টার: টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা নিশ্চিত করার প্রতিশ্রুতি দিয়ে আনুষ্ঠানিক যাত্রা করলো, 'এসডিজি বাস্তবায়নে নাগরিক প্লাটফর্ম, বাংলাদেশ'। অনুষ্ঠানে তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা সুলতানা কামাল বলেছেন, রাষ্ট্র কোনো কিছুর তোয়াক্কা না করে আইন নিজের হাতে তুলে নিচ্ছে। সুশাসনের অভাব থাকলে পদে পদে মানবাধিকারের লঙ্ঘন ঘটতে থাকে। গতকাল শনিবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে এ সংগঠনটির আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। এ উপলক্ষে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে বক্তব্য দেন বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মানিত ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা রাশেদা কে চৌধুরী, সুলতানা কামাল, টিআইবির প্রধান নির্বাহী কর্মকর্তা ইফতেখারুজ্জামান, (২-এর পৃষ্ঠার ৪ কলাম)

আইন হাতে তুলে নিচ্ছে

(১-এর পৃঃ ৬ এর কঃ পর)

সিপিডির নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান, সিপিডির পরিচালক আনিসাতুল ফাতেমা ইউসুফ, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজের (ডিসিসিআই) সাবেক সভাপতি আসিফ ইব্রাহিম, ব্র্যাকের কর্মকর্তা মুস্তাক রাজা চৌধুরী প্রমুখ। দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, এসডিজির ৫টা বৈশিষ্ট্য আছে। এবার এসডিজির অর্জন হচ্ছে অন্তর্ভুক্তিমূলক। এসডিজিকে সমন্বিতভাবে দেখতে হবে যেমন শিক্ষা, স্বাস্থ্য ও দেশীয় প্রেক্ষাপট বাস্তবায়ন। পেশাজীবীদের সচেতনতা বাড়াতে হবে। বাংলাদেশের একটি মানুষকেও পেছনে ফেলা যাবে না।

সুলতানা কামাল বলেন, রাষ্ট্র কোনো কিছুর তোয়াক্কা না করে আইন নিজের হাতে তুলে নিচ্ছে। সুশাসনের অভাব থাকলে পদে পদে মানবাধিকারের লঙ্ঘন ঘটতে থাকে।

তিনি বলেন, মানুষ আমাদের বলছে, ক্রসফায়ার হওয়ার পরে আপনারা কথা বলছেন কেন? যাদের ক্রসফায়ারে দেওয়া হচ্ছে, তারা অন্যের মানবাধিকার লঙ্ঘন করেছে। অতএব তাদের মানবাধিকার নেই। এই যে একটা বোধ সমাজে চলে আসে, যেনতেনভাবে নিজের অস্তিত্ব রক্ষা করতে হবে এটা কোনো আধুনিক, গণতান্ত্রিক, সুশাসনসম্পন্ন রাষ্ট্রের লক্ষ্য নয়।

সুশাসনের অভাবের একপর্যায়ে সমাজে হতাশা তৈরি হয় উল্লেখ করে সুলতানা কামাল আরও বলেন, হতাশা থেকে আমরা দেখতে পাচ্ছি, রাষ্ট্র নিজের হাতে আইন তুলে নিচ্ছে। কোনো কিছুর তোয়াক্কা করছে না। কোনো সমস্যা সমাধান করতে গেলে ছোটখাটো পথ খুঁজছে। অন্যদিকে মানুষ মানুষকে পিটিয়ে মেরে ফেলছে, ফতোয়ার মাধ্যমে অমানবিক কার্যক্রমকে সমর্থন দিচ্ছে।

তিনি আরও বলেন, একটা রাষ্ট্রের জন্য সুশাসন খুব গুরুত্বপূর্ণ। যদি সুশাসন না থাকে রাষ্ট্রের প্রকৃত উন্নয়ন সম্ভব না। একটি দেশের উন্নয়ন শুধু প্রবন্ধি দিয়ে বিচার করা যায় না। তিনি বলেন, দেশে যে সুশাসনের অভাব রয়েছে তা তুলে ধরার জন্য এই প্লাটফর্ম একটি বড় সুযোগ। সুশাসনের অভাব দেশে দুর্নীতি বাড়ায় আর মানবাধিকার লঙ্ঘন করে। এভাবে রাষ্ট্র পরিচালিত হওয়ার মাধ্যমে নাগরিক মৌলিক

অধিকার সংকুচিত হয়। এমতাবস্থায় রাষ্ট্র ও জনগণকে এক সাথে কাজ করার জন্য এই প্লাটফর্ম গঠন করা হয়েছে। দেশে এখন সুশাসনের অভাব ও মানবাধিকার লঙ্ঘন হচ্ছে বলেও মন্তব্য করেন তিনি।

এসডিজিতে নিহিত লক্ষ্যমাত্রা অভিস্টঙলোর অগ্রগণ্যতা নির্ধারণে বিশ্লেষণধর্মী মতামত প্রস্তুত করা, এ লক্ষ্যমাত্রাগুলোর জন্য যথাযথ গুণগত ও পরিমাণগত সূচক নির্দিষ্ট করা, এসডিজির লক্ষ্য ও অর্জনের সঙ্গে দেশের জাতীয় উন্নয়ন পরিকল্পনাসমূহের সমন্বয় করা এবং এসডিজি বাস্তবায়নের লক্ষ্য সরকার গৃহীত বিভিন্ন নতুন নীতি, কর্মসূচি বা সংস্কার কার্যক্রমের যথার্থতা ও কার্যকারিতা বিশ্লেষণ এবং সমগ্র প্রক্রিয়াটির পরিবীক্ষণ ও জবাবদিহিতা নিশ্চিত করা।

একইসঙ্গে এসডিজি বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট পক্ষের মধ্যে তথ্য বিনিময়সহ সার্বিক সমন্বয় করতে সহযোগিতা করবে এই প্লাটফর্মটি। এর সচিবালয়ের দায়িত্ব পালন করবে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি)। প্লাটফর্মের আহ্বায়ক নির্বাচন করা হয়েছে সিপিডির সম্মানীয় ফেলো ডেবপ্রিয় ভট্টাচার্যকে।

এই প্লাটফর্মের সমন্বয়ক করা হয়েছে সিপিডির পরিচালক আনিসাতুল ফাতেমা ইউসুফকে। দেশের ৮ জন বিশিষ্ট ব্যক্তিকে কোর গ্রুপ সদস্য এবং ১৩ জন বিশিষ্ট ব্যক্তিকে নিয়ে উপদেষ্টা পরিষদ গঠন করা হয়েছে। এছাড়া ২৬টি বেসরকারি সংস্থা এই প্লাটফর্মে সহযোগী প্রতিষ্ঠান হিসেবে কাজ করবে।

আসিফ ইব্রাহিম বলেন, কর্মসংস্থানের ক্ষেত্রে বেসরকারি খাত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বাংলাদেশে এসডিজির সঠিক বাস্তবায়ন নিশ্চিত করতে পরিবেশবান্ধব শিল্পায়ন কীভাবে করা যায় তার জন্য উদ্যোগ নিতে হবে। সরকারি বেসরকারি দুই পক্ষকেই এজন্য সমন্বিত পদক্ষেপ নিতে হবে।

ইফতেখারুজ্জামান বলেন, সরকারের সহায়ক শক্তি হিসেবে কাজ করার অঙ্গীকার নিয়ে এই প্লাটফর্ম তৈরি হচ্ছে। এসডিজির যেসব লক্ষ্যমাত্রা বাস্তবায়নে সমস্যা বা ত্রুটি থাকবে তা শুধরানোর জন্য এই প্লাটফর্ম সমালোচনা করবে।



রাজধানীর সিরডাপ মিলনায়তনে শনিবার 'এসডিজি বাস্তবায়নে নাগরিক প্র্যাটফর্ম, বাংলাদেশ' শীর্ষক উদ্যোগের আত্মপ্রকাশ উপলক্ষে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে বক্তব্য রাখেন সিপিডি'র বিশেষ ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য

উন্নয়নের জন্য সুশাসন নিশ্চিত করতে হবে

■ সমকাল প্রতিবেদক

'গুধু প্রবৃদ্ধি দিয়ে দেশের উন্নয়ন মাপা যাবে না। উন্নয়নের জন্য সুশাসন ও নাগরিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে। বর্তমানে বাংলাদেশের সবচেয়ে বড় সংকট বা চ্যালেঞ্জ হচ্ছে সুশাসন প্রতিষ্ঠা।'

গতকাল শনিবার 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে নাগরিক প্র্যাটফর্মে বাংলাদেশ' শীর্ষক উদ্যোগের আত্মপ্রকাশ উপলক্ষে প্রেস ব্রিফিংয়ে বক্তব্য এসব কথা বলেন।

রাজধানীর

সিরডাপ

মিলনায়তনে এই

প্রেস ব্রিফিং

অনুষ্ঠিত হয়।

প্র্যাটফর্মটি দেশের

বিশিষ্ট নাগরিক ও বেসরকারি সংস্থার উদ্যোগে গঠিত একটি মঞ্চ। সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) বিশেষ ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য এর আস্থায়িক।

এতে দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, 'আমরা বাংলাদেশে এসডিজি বাস্তবায়ন চাই। সরকার যেকাজগুলো করছে, তাতে গঠনমূলক সহযোগিতা করতে চাই। আবার সরকার যেসব কাজ করছে, তার ওপর নজরদারিও থাকবে। এ ছাড়া বাস্তবায়নের প্রক্রিয়া যাতে স্বচ্ছ ও সম্পদের ব্যবহার যাতে সুষ্ঠু হয় এবং জবাবদিহি থাকে, সে বিষয়ে কাজ করা হবে। বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট সব প্রতিষ্ঠানের সঙ্গে সহযোগিতা, গঠনমূলক ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক গড়ে তোলা হবে। সম্মিলিতভাবে বাংলাদেশকে এগিয়ে নেওয়াই সংগঠনের লক্ষ্য।'

টিআইবির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান সুলতানা কামাল বলেন, বর্তমানে সুশাসনের অভাবের কারণে আমরা সবচেয়ে বেশি উদ্ভিগ্ন, দুর্ভাবনা ও হতাশার মধ্যে আছি। এ জন্য সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সবচেয়ে বেশি কাজ করতে হচ্ছে। আধুনিক, প্রগতিশীল ও গণতান্ত্রিক রাষ্ট্রে সুশাসনের অভাব থাকা বাঞ্ছনীয় নয়। কেননা, তাতে দুর্নীতির প্রকোপ বাড়ে, ন্যায় অধিকার থেকে মানুষ বঞ্চিত হয় এবং মানবাধিকারের লঙ্ঘন ঘটে প্রতি পদে।

সুলতানা কামাল বলেন, "অনেকে বলেন, 'ক্রসফায়ার' নিয়ে আপনারা কথা বলছেন কেন? যাদের ক্রসফায়ারে দেওয়া হচ্ছে, তারা অন্যের মানবাধিকার লঙ্ঘন করেছে। এ ধরনের বোধ যখন সমাজে চলে আসে, যেনতেনভাবে নিজের অস্তিত্ব রক্ষা করার প্রবণতা, যা আধুনিক ও সুশাসিত গণতান্ত্রিক রাষ্ট্রের লক্ষণ নয়।"

মানুষের জন্য ফাউন্ডেশনের প্রধান নির্বাহী শাহীন আনাম বলেন,

'বর্তমানে এ দেশে

সবচেয়ে বড়

চ্যালেঞ্জ হচ্ছে

সুশাসন।

সুশাসনের অভাবে

মানুষের

মানবাধিকার লঙ্ঘিত হচ্ছে।'

ব্র্যাকের সহসভাপতি মোস্তাক রেজা চৌধুরী বলেন, 'সব দেশেই সরকার উন্নয়নমূলক কাজ করে থাকে। তবে এ দেশে একটু আলাদা। এখানে সরকারের পাশাপাশি বেসরকারি খাতও উন্নয়নে কাজ করেছে।'

টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান বলেন, 'আমরা সরকারের ভালো কাজের সমর্থন জানাব, যেখানে ঘাটতি থাকবে তার সমালোচনা করব।'

এই সংগঠনের সঙ্গে আরও যুক্ত রয়েছেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা রাশেদা কে চৌধুরী, ঢাকা চেম্বারের সাবেক সভাপতি আসিফ ইব্রাহিম, সিপিডি'র নির্বাহী পরিচালক মোস্তাফিজুর রহমান প্রমুখ।

এ ছাড়া স্যার ফজলে হাসান আবেদ, ইমেরিটাস অধ্যাপক আনিসুজ্জামান, অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী, সৈয়দ মনজুর এলাহী, হামিদা হোসেন, ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ, শিল্পী মুস্তাফা মনোয়ার, রোকিয়া আফজাল রহমান, রাজা দেবানীষ রায়, শ্রীমতী সাহা, অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ, শাইখ সিরাজ ও অধ্যাপক রেহমান সোবহান এ উদ্যোগে উপদেষ্টা হিসেবে কাজ করবেন বলে অনুষ্ঠানে জানানো হয়। এ ছাড়া ২৮টি সংগঠন এর সঙ্গে যুক্ত রয়েছে।

এসডিজি বাস্তবায়নে নাগরিক মঞ্চ

সুলতানা কামাল বললেন রাষ্ট্র নিজের হাতে আইন তুলে নিচ্ছে

নিজস্ব প্রতিবেদক ■

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নের প্রতিশ্রুতি নিয়ে যাত্রা শুরু করা 'এসডিজি বাস্তবায়নে নাগরিক প্লাটফর্ম'-এর আনুষ্ঠানিক যাত্রা শুরুর ঘোষণায় এরপর পৃষ্ঠা ১১ : কলাম ৩

রাষ্ট্র নিজের হাতে আইন তুলে নিচ্ছে

(প্রথম পৃষ্ঠার পর)

সুলতানা কামাল বলেছেন, সুশাসন নিয়ে আমরা উদ্বিগ্ন। এ নিয়ে আমরা হতাশার মধ্যে আছি। আর হতাশা থেকেই রাষ্ট্র নিজের হাতে আইন তুলে নিচ্ছে।

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা সুলতানা কামাল বলেন—'আধুনিক, প্রগতিশীল গণতান্ত্রিক রাষ্ট্রে সুশাসনের অভাব থাকা বাঞ্ছনীয় নয়।'

গতকাল রাজধানীর সিরডাপ মিলনায়তনে সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিক ঘোষণার মাধ্যমে 'এসডিজি বাস্তবায়নে নাগরিক প্লাটফর্ম'-এর পথচলা শুরু হয়। দেশের শীর্ষস্থানীয় বেসরকারি সংস্থাগুলো (এনজিও) এ প্লাটফর্ম গঠন করেছে।

এ সময় সুলতানা কামাল বলেন, 'সুশাসনের অভাব দুর্নীতির প্রকোপ বাড়ায়, মানুষকে সাহায্য পাওয়ার অধিকার থেকে বঞ্চিত করে, মানবাধিকার লংঘন করে, সমাজে এক ধরনের হতাশার সৃষ্টি করে। আর সে হতাশা থেকেই রাষ্ট্র নিজের হাতে আইন তুলে নিচ্ছে। কোনো কিছু কাজ করছে না। কোনো সমস্যার সমাধান হচ্ছে না। ক্রসফায়ারে দিচ্ছে। পিটিয়ে মেয়ে ফেলছে। মানুষ এ অমানবিক নির্যাতনকে সমর্থন দিচ্ছে। এতে আমাদের মধ্যে এক ধরনের বোধ তৈরি হচ্ছে। মানুষ আমাদের বলছে, যাদের ক্রসফায়ারে দিচ্ছে তারা তো অপরাধী—এদের পক্ষে কেন আপনারা কথা বলছেন। তারা অন্যের মানবাধিকার লংঘন করেছে তাদের কোনো মানবাধিকার নেই। মানুষ এখন কেবল ভাবছে যেনোতেনভাবে নিজের অস্তিত্বকে রক্ষা করতে হবে। আর এটা কোনো আধুনিক সুশাসনসম্পন্ন রাষ্ট্রের লক্ষ্য হতে পারে না। এসডিজির মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করা আমাদের সামনে বড় সুযোগ।'

সাবেক এ উপদেষ্টা বলেন, 'একটা দেশের উন্নয়ন শুধু প্রবৃদ্ধি দিয়ে নির্ণয় করা যায় না। একটা দেশের উন্নয়ন বলতে আমরা বুঝি একটা দেশের প্রতিটি নাগরিক নিরাপত্তার মধ্যে থাকবে, ন্যায়বিচারের মধ্যে থাকবে। আত্মবিশ্বাসের সঙ্গে সাহস নিয়ে বলতে পারবে—আমি এ দেশের নাগরিক। রাষ্ট্র আমার মৌলিক অধিকার রক্ষা করছে। যে কোনো সম্বন্ধে সে ভাবতে পারে রাষ্ট্র আমার পাশে আছে।'

বাংলাদেশে এসডিজি বাস্তবায়নের অগ্রগতি ও মাত্রা পর্যবেক্ষণ, বাস্তবায়নে সম্ভাব্য চ্যালেঞ্জ এবং বিনিয়োগকৃত অর্থের সুষ্ঠু ব্যবহার, স্বচ্ছতা ও সামাজিক জবাবদিহিতা নিশ্চিত করাই এ প্লাটফর্মের প্রধান লক্ষ্য। একই সঙ্গে এসডিজি বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট পক্ষের মধ্যে তথ্য বিনিময়সহ সার্বিক সমন্বয় করতে সহযোগিতা করবে এই প্লাটফর্ম। এর সাচিবিক দায়িত্ব পালন করবে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)।

প্লাটফর্মের আহ্বায়ক নির্বাচন করা হয়েছে সিপিডির সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্যকে। সমন্বয়কের দায়িত্বে থাকবেন সিপিডির পরিচালক আনিসাতুল ফাতেমা ইউসুফ। সুলতানা কামাল, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা রাশেদা কে চৌধুরী,

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) প্রধান নির্বাহী কর্মকর্তা ইফতেখারুজ্জামান, ব্যবসায়ী নেতা আসিফ ইব্রাহিম ও ব্র্যাকের কর্মকর্তা মুস্তাক রাজা চৌধুরীসহ আটজন বিশিষ্ট ব্যক্তিকে প্লাটফর্মের কোর গ্রুপের সদস্য করা হয়েছে। স্যার ফজলে হাসান আবেদ, অধ্যাপক আনিসুজ্জামান, অধ্যাপক রেহমান সোবহান ও রোকেয়া আফজাল রহমানসহ মোট ১৩ জন বিশিষ্ট ব্যক্তিকে নিয়ে উপদেষ্টা পরিষদ গঠন করা হয়েছে। এ ছাড়া ২৮টি বেসরকারি সংস্থা এই প্লাটফর্মের সহযোগী প্রতিষ্ঠান হিসেবে কাজ করবে।

দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, 'এসডিজির ১৭ লক্ষ্যের মধ্যে ১৬ নম্বর লক্ষ্যটির ওপর গুরুত্ব দেবে এ প্লাটফর্ম। লক্ষ্যমাত্রায় ১৬-তে বলা হয়েছে—শান্তি ও ন্যায়বিচার : টেকসই উন্নয়নের জন্য শান্তিপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক সমাজ প্রতিষ্ঠা; সবার জন্য ন্যায়বিচারের সুযোগ সৃষ্টি এবং সর্বস্তরে কার্যকর, জবাবদিহি ও অন্তর্ভুক্তিমূলক প্রতিষ্ঠান গড়ে তোলা।'

তিনি বলেন, এসডিজির বৈশ্বিক স্লোগানের সঙ্গে একমত পোষণ করে বাংলাদেশেও স্লোগান করা হয়েছে, 'একজন মানুষকেও পেছনে ফেলে রাখা চলবে না।' জাতিসংঘ কর্তৃক অনুমোদিত এসডিজি বাস্তবায়নের মধ্য দিয়ে দেশে সুশাসন, মানবাধিকার ও আইনের শাসন প্রতিষ্ঠিত করতে সরকারকে সহযোগিতা করবে এই প্লাটফর্ম।

প্লাটফর্মটির আরেক কোর গ্রুপ সদস্য ও মানুষের জন্য ফাউন্ডেশনের চেয়ারম্যান শাহীন আনাম বলেন, 'এখন বড় সম্বন্ধ হল সুশাসন। সুশাসনের অভাবে মানবাধিকার লঙ্ঘন হচ্ছে। এর জন্য বলিষ্ঠ কঠোরের প্রয়োজন।'

তিনি আরও বলেন, 'মানুষ যদি বঞ্চে না থাকে, কষ্টে থাকে তবে এসডিজি বাস্তবায়ন সম্ভব নয়। এসডিজি বাস্তবায়ন না হলেও মধ্য আয়ের দেশে আমরা পৌছাব, কিন্তু প্রান্তিক জনগোষ্ঠী মধ্য আয়ে যেতে পারবে না।'

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সাবেক সভাপতি আসিফ ইব্রাহিম বলেন, 'কর্মসংস্থানের ক্ষেত্রে বেসরকারি খাত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বাংলাদেশে এসডিজির সঠিক বাস্তবায়ন নিশ্চিত করতে পরিবেশবান্ধব শিল্পায়ন কীভাবে করা যায় তার জন্য উদ্যোগ নিতে হবে। সরকারি-বেসরকারি দুই পক্ষকেই এ জন্য সমন্বিত পদক্ষেপ নিতে হবে।'

টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান বলেন, 'আইনের শাসন, সুশাসন ও মানবাধিকার বাদ দিয়ে এসডিজি অর্জন করা যাবে না। তাই এ ফ্লাটফর্ম সরকারের সহায়ক হিসেবে কাজ করবে। তবে ঘাটতি থাকলে সমালোচনা করতে ছাড়বে না এ ফ্লাটফর্ম।'

সিপিডির নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান বলেন, 'আমাদের পঞ্চবার্ষিক পরিকল্পনায় এসডিজির লক্ষ্যগুলো কতটুকু প্রতিফলিত হচ্ছে বিবেচনা করতে হবে।'

এ সময় বক্তব্য রাখেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা রাশেদা কে চৌধুরী ও ব্র্যাকের মোস্তাক রাজা চৌধুরী।